**আল কুরআন**
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

অতঃপর যখন তাকে প্রসব করলো বলল, হে আমার পালনকর্তা! আমি একে কন্যা প্রসব করেছি। বস্তুতঃ কি সে প্রসব করেছে আল্লাহ তা ভালই জানেন।

সূরা আল ইমরান ৩৬

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১০ জুন ২০২৬ ॥ ২৩ জিলহজ্জ ১৪৪৭ ॥ ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ০১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫



## সুপ্রিম কোর্ট সচিবালয় প্রতিষ্ঠার রায় আপিল বিভাগে স্থগিত

কীর্তনখোলা ডেস্ক
তিন মাসের মধ্যে সুপ্রিম কোর্টের জন্য পৃথক স্বাধীন সচিবালয় করার নির্দেশ দিয়ে হাইকোর্টের রায় স্থগিত করেছেন আপিল ২ এর পাতায় দেখুন



## কোনো বিষয়ের অনার্স বন্ধ করার পরিকল্পনা নেই: শিক্ষামন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
কোনো বিষয়ের অনার্স কোর্স বন্ধ করার পরিকল্পনা শিক্ষা মন্ত্রণালয়ের নেই বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ২ এর পাতায় দেখুন



## চার খাতে অতিরিক্ত ৪২৬০০ কোটি টাকা ভর্তুকির চাপ : অর্থমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
মধ্যপ্রাচ্যে চলমান সংঘাত এবং বৈশ্বিক জ্বালানি বাজারের অস্থিরতার কারণে বিদায়ী ২০২৫-২৬ অর্থবছরে তেল, গ্যাস ২ এর পাতায় দেখুন



## স্বচ্ছতা-জবাবদিহি ছাড়া কোনো বাজেটই কার্যকর হবে না: শফিকুর রহমান

কীর্তনখোলা ডেস্ক
সততা, স্বচ্ছতা ও জবাবদিহি ছাড়া কোনো বাজেটই কার্যকর হবে না বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর ২ এর পাতায় দেখুন

# বরিশাল বিভাগে কমেছে ইলিশের উৎপাদন

কীর্তনখোলা রিপোর্ট
একসময় দেশে ইলিশ মাছ উৎপাদনের দিক দিয়ে প্রধান কেন্দ্র ছিল বরিশালাঞ্চল। সেই বরিশাল বিভাগে কমেছে ইলিশের উৎপাদন। উৎপাদন কমার এই ধারাবাহিকতার কয়েক বছর ধরে অব্যাহত রয়েছে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে ভরা মৌসুমেও অভ্যন্তরীণ নদ-নদীতে মিলছে না কাঙ্ক্ষিত ইলিশ। আর এই কারণে হতাশ হয়ে পড়ছেন জেলে-আড়তদার ও ব্যবসায়ীরা। এর মধ্যে সবচেয়ে বেশি দুশ্চিন্তায় রয়েছেন জেলেরা। এদিকে নদ-নদীতে পর্যাপ্ত ইলিশ না ধরা পড়ার প্রভাব পড়েছে বাজারে। সরবরাহ কমে যাওয়ায় বাজারে ইলিশের দাম নিম্ন ও মধ্যবিত্ত শ্রেণির মানুষের ক্রয়ক্ষমতার বাইরে চলে গেছে। ফলে বাজারে পছন্দের ইলিশ কিনতে গিয়ে তাদের হতাশ হয়ে বাড়ি ফিরে যেতে হচ্ছে। মৎস্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ২০২২-২৩ অর্থবছরে বরিশাল বিভাগে সর্বোচ্চ ৩ লাখ ৭২ হাজার ৩৪৩ টন ইলিশ উৎপাদন হয়েছিল। এরপর টানা তিন বছর উৎপাদন কমেছে। ২০২৩-২৪ অর্থবছরে উৎপাদন হয় ৩ লাখ ৪৮ হাজার ৮৩৪ টন। ২০২৪-২৫ অর্থবছরের তা এসে দাঁড়ায় ৩ লাখ ৩৪ হাজার ৭৮৩ টনে। চলতি ২০২৫-২৬ অর্থবছরে উৎপাদন নেমে আসে ২ লাখ ২১ হাজার ৫৪৫ টনে। অর্থাৎ গত অর্থবছরের তুলনায় উৎপাদন কমেছে ১ লাখ ১৩ হাজার ২৩৮ টন। উৎপাদন কমার প্রভাব ইতোমধ্যে বাজারে পড়তে শুরু করেছে। ভরা মৌসুমেও বরিশালের বাজারে ইলিশের সংকট দেখা দিয়েছে। অভ্যন্তরীণ নদ-নদীতে কাঙ্ক্ষিত পরিমাণ মাছ মিলছে না। ফলে এক সপ্তাহ ধরে বাজারে ইলিশের সরবরাহ প্রায় তলানিতে নেমে এসেছে। বরিশাল নগরের পোর্ট রোডের ইলিশ মোকাম ঘুরে দেখা যায়, কয়েকটি আড়তে অল্প কিছু ইলিশ সাজানো থাকলেও সেগুলোর বেশির ভাগই সাগর থেকে আগে ধরা। অর্থাৎ সাগরের মাছ দিয়েই কোনোমতে চাহিদা মেটানোর চেষ্টা করছেন ব্যবসায়ীরা। মেসার্স আক্তার ফিশ সাপ্লায়ার্সের স্বত্বাধিকারী মাসুম মৃধা বলেন, ঈদের পর থেকে বাজারে ২ এর পাতায় দেখুন






একনেক সভায় ১০ প্রকল্প অনুমোদন

# প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিতে বিরক্ত প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক
বারবার প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধির প্রবণতায় তীব্র ক্ষোভ ও বিরক্তি প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী এবং একনেক চেয়ারম্যান তারেক রহমান। যেসব কর্মকর্তার অবহেলা বা গাফিলতির কারণে প্রকল্পের মেয়াদ বাড়ছে, তাদের খুঁজে বের করে দ্রুত শাস্তির আওতায় আনার জন্য সংশ্লিষ্টদের কঠোর নির্দেশ দিয়েছেন তিনি। মঙ্গলবার (০৯ জুন) বাংলাদেশ সচিবালয় কক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় এই নির্দেশনা দেওয়া হয়। এদিনের সভায় মোট ৩ হাজার ৮৯০ কোটি ৯৭ লাখ টাকা ব্যয় সম্বলিত ১০টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। অনুমোদিত ব্যয়ের মধ্যে সরকারের নিজস্ব অর্থায়ন ৩ হাজার ৮১০ কোটি ৬২ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব তহবিল থেকে ৮০ কোটি ৩৫ লাখ টাকা জোগান ২ এর পাতায় দেখুন

## দেশে প্রায় ৮৭ হাজার কোটি টাকার ক্ষতি করেছে তামাক

কীর্তনখোলা ডেস্ক
আগামী ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে তামাকপণ্যের দাম বাড়ানোর জোর দাবি জানিয়েছেন চিকিৎসক ও জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। দেশে অসংক্রামক রোগ প্রতিরোধ এবং তরুণদের ধূমপানে আসক্তি কমাতেই মূলত তাদের এই দাবি। মঙ্গলবার (৯ জুন) জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সেমিনারে তারা দাবির পক্ষে নানা যৌক্তিকতা তুলে ধরেন। চিকিৎসকরা জানান, বর্তমানে দেশে মোট মৃত্যুর প্রায় ৭১ শতাংশই ঘটে অসংক্রামক রোগে, যার অন্যতম মূল কারণ তামাকের সহজলভ্যতা। কম দামের ২ এর পাতায় দেখুন

## দেশে এখন বৈধ মোবাইল সিম রয়েছে ৩২ কোটি ৮২ লাখ

কীর্তনখোলা ডেস্ক
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী ফকির মাহবুব আনাম জানিয়েছেন, দেশে বর্তমানে চারটি মোবাইল অপারেটর কোম্পানির মোট বৈধ রেজিস্ট্রার্ড সিমের সংখ্যা ৩২ কোটি ৮২ লাখ। মঙ্গলবার (৯ জুন) জাতীয় সংসদে সংরক্ষিত নারী আসন-১০ এর সংসদ সদস্য নিলোফার চৌধুরী মনির লিখিত প্রশ্নের উত্তরে মন্ত্রী এ তথ্য জানান। এদিন নিলোফার চৌধুরী মনি মন্ত্রীর কাছে জানতে চান, বর্তমানে দেশে মোবাইল অপারেটর ২ এর পাতায় দেখুন

# আগৈলঝাড়ায় বিএনপি নেতার বিরুদ্ধে নারীর পায়ের রগ কাটার অভিযোগ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালের আগৈলঝাড়ায় দুই সন্তানের জননী দীপালি সরকারকে ধারালো অস্ত্র দিয়ে পায়ের রগ কেটে দেওয়ার অভিযোগ উঠেছে রত্নপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক চৈতন্য সরকারের বিরুদ্ধে। স্থানীয় সূত্রের দাবি, বিবাহবহির্ভূত সম্পর্কে বিরোধের জেরে সোমবার বিকেলে উপজেলার পূর্ব মোহনকাঠি গ্রামে এই ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করলেও এখন পর্যন্ত কোনো আইনি ব্যবস্থা নেওয়া হয়নি। স্থানীয় একাধিক সূত্র জানায়, উপজেলার রত্নপুর ইউনিয়নের পূর্ব মোহনকাঠি গ্রামের নির্মল সরকারের স্ত্রী দীপালি সরকারের (৪৮) সঙ্গে একই গ্রামের চিত্তরঞ্জন সরকারের ছেলে, মাছ ব্যবসায়ী ও ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক চৈতন্য সরকারের (৪৫) দীর্ঘদিনের সম্পর্ক ছিল। সম্প্রতি চৈতন্যকে ছেড়ে দীপালি নতুন করে অন্য একজনের সঙ্গে সম্পর্কে জড়ান। এর ফলে চৈতন্যর ২ এর পাতায় দেখুন



## শেরেবাংলা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি হলেন মাহমুদ বিল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর সরকারি বিএম কলেজ রোড এলাকার শেরেবাংলা বালিকা মাধ্যমিক বিদ্যালয় এর এডহক কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন এক সময়ের তুখোর ছাত্রদল নেতা মাহমুদ বিল্লাহ। মাহমুদ সরকারি বরিশাল কলেজের সাবেক অধ্যক্ষ সাঈদ আলীর ছেলে। সে নগরীর জিয়া সড়ক এলাকার বাসিন্দা। মাহমুদ সরকারি বিএম কলেজ থেকে হিসাব বিজ্ঞান বিভাগে অনার্স ও মাস্টার্স সম্পন্ন করেছেন। তিনি সরকারি বিএম কলেজের ছাত্রদলের সাবেক ২ এর পাতায় দেখুন



# শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভার বিকাশ ঘটাতে হবে: শিরীন

কীর্তনখোলা রিপোর্ট
বরিশালে উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে 'জাতীয় প্রাথমিক শিক্ষা পদক প্রতিযোগিতা-২০২৬' এর বিভাগীয় পর্যায়ের কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিভাগীয় উপ পরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষার আয়োজনে এই প্রতিযোগিতামূলক অনুষ্ঠানটি সম্পন্ন হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক এ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বরিশাল বিভাগীয় উপ-পরিচালক (প্রাথমিক শিক্ষা) মিজ নিলুফার ইয়াসমিন। এতে সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন পর্যায়ের শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবকরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে প্রশাসক বলেন, প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের মেধার বিকাশে এ ২ এর পাতায় দেখুন

## হামের উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক
সারা দেশে নতুন করে হামের উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে ১ হাজার ৩৪ জনের মধ্যে হাম বা এর উপসর্গ শনাক্ত হয়েছে। মঙ্গলবার (০৯ জুন) স্বাস্থ্য অধিদপ্তরের নিয়মিত হাম পরিস্থিতি প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় (সোমবার সকাল ৮টা থেকে মঙ্গলবার সকাল ৮টা) সারা দেশে ২ এর পাতায় দেখুন

# বরিশালে ইজিবাইক নবায়ন শুরু পহেলা জুলাই থেকে কড়াকড়ি

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল নগরীর যানজট নিরসনে ইজিবাইক বা 'হলুদ অটো'র নিবন্ধন নবায়ন প্রক্রিয়া শুরু করেছে বরিশাল সিটি করপোরেশন (বিসিসি)। নগর কর্তৃপক্ষ জানিয়েছে, গত তিন মেয়রের সময় দেওয়া ৭ হাজার ৬১০টি ইজিবাইকের অনুমোদনই বহাল থাকছে। আগামী ৩০ জুন পর্যন্ত নবায়ন চলবে এবং ১ জুলাই থেকে অবৈধ ইজিবাইকের বিরুদ্ধে কঠোর অভিযান শুরু হবে। সিটি করপোরেশনের পরিবহন শাখা ও ট্রাফিক বিভাগ সূত্রে জানা যায়, করোনাকালের পর নগরীতে ইজিবাইকের সংখ্যা কয়েক গুণ বেড়েছে। ট্রাফিক বিভাগের হিসাব অনুযায়ী, বর্তমানে নগরীতে প্রায় ২০ হাজার অনিবন্ধিত ও অনুমোদনহীন ইজিবাইক চলাচল করছে। বরিশাল ট্রাফিক পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা মো. শরফুদ্দিন বলেন, সহজ পেশা ও অর্থনৈতিক ঝুঁকি কম হওয়ায় প্রতিদিন গড়ে অন্তত পাঁচটি করে নতুন ইজিবাইক নগরীতে নামছে। এসব পরিবহন কতগুলো চলবে ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

| | | | |
|---|---|---|---|
| বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219 | ইসলামিয়া লাইব্রেরি, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01711-264963 | অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515 | অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514 |
| খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767 | নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720 | রহমান বুক হাউজ, প্যারারোড, সদর রোড, বরিশাল, 01718-670945 | মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268 |
| অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049 | নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663 | হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658 | আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083 |




## বরিশালের কেডিসি বস্তি থেকে ৬৬ কেজি গাঁজা উদ্ধার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি মডেল থানাধীন কেডিসি বস্তিতে অভিযান চালিয়ে ৬৬ কেজি গাঁজা উদ্ধার করেছে মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের সদস্যরা। মঙ্গলবার (৯ জুন) দুপুরে তথ্যের সত্যতা নিশ্চিত করে বরিশাল মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের পরিদর্শক মো. সগীর হোসেন। তিনি জানান, গোপন সংবাদের ভিত্তিতে কেডিসি বস্তি এলাকার মাদক বিক্রেতা সাইদুল ইসলামকে আটকের জন্য অভিযান পরিচালনা করা হয়। অভিযানের আগেই তিনি পালিয়ে যান। পরবর্তীতে তার বাসায় তল্লাশি চালিয়ে ৬৬ কেজি গাঁজা উদ্ধার করা হয়েছে। গোয়েন্দা (ডিবি) পুলিশের পরিদর্শক মো. সগীর হোসেন আরো জানান, সাইদুল ইসলাম ও নিলুফা ইয়াসমিন নিলু যৌথভাবে এসব মাদকদ্রব্য আমদানি করেছিলেন। এ ঘটনায় উভয়ের বিরুদ্ধে মামলা করার প্রস্তুতি চলছে। পাশাপাশি পালিয়ে যাওয়া মাদক আমদানিকারকদের গ্রেপ্তারের জন্য অভিযান অব্যাহত রয়েছে।

## এক রাতেই ৮ স্থানে পুশ-ইনের চেষ্টা বিএসএফের বিজিবি-স্থানীয়দের প্রতিরোধ

কীর্তনখোলা ডেস্ক
জামালপুর-কুড়িগ্রাম সীমান্তে এক রাতে শতাধিক মানুষকে বাংলাদেশে পুশ-ইনের চেষ্টা করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)। তবে তাদের এ চেষ্টা ব্যর্থ করে দিয়েছেন বিজিবি ও স্থানীয়রা। সোমবার (৮ জুন) দিনগত রাত ১২টা থেকে জামালপুর ব্যাটালিয়ন ৩৫ বিজিবির ২ এর পাতায় দেখুন



## হত্যাচেষ্টা মামলায় বরিশালের সাবেক এমপি গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল-২ (বানারীপাড়া-উজিরপুর) আসনের সাবেক সংসদ সদস্য ও বাংলাদেশ ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সভাপতি মোহাম্মদ শাহে আলমকে এবার হত্যাচেষ্টা মামলায় গ্রেফতার দেখানোর নির্দেশ দিয়েছেন আদালত। ঢাকার অতিরিক্ত চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সেফাতুল্লাহর আদালত এ আদেশ দেন। এদিন কারাগার থেকে শাহে আলমকে আদালতে হাজির করা হয়। মামলার তদন্তের স্বার্থে তাকে এ মামলায় গ্রেফতার দেখানোর আবেদন করে পুলিশ। শুনানি শেষে আদালত আবেদনটি মঞ্জুর করেন। মামলার নথি অনুযায়ী, ২০২৪ সালের ১৯ জুলাই গুলশানের শাহজাদপুর ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

# সম্পাদকীয়

## রাষ্ট্র ও সমাজকে পদক্ষেপ নিতে হবে

চিকিৎসাবিজ্ঞান উন্নত হচ্ছে। স্বাস্থ্য সম্পর্কে মানুষের সচেতনতা বাড়ছে। ফলে বাড়ছে মানুষের গড় আয়ু। বাড়ছে বয়োবৃদ্ধ বা প্রবীণ মানুষের সংখ্যা। যত দিন যাবে এই সংখ্যা বাড়তেই থাকবে। কিন্তু দুঃখজনক হলেও সত্য যে একই সঙ্গে বাড়ছে প্রবীণ মানুষের দুর্ভোগ, অসহায়ত্ব ও জীবন-যন্ত্রণা। সম্প্রতি গণমাধ্যমে আসা দুটি খবর বিবেকসম্পন্ন প্রতিটি মানুষের হৃদয়-যন্ত্রণার কারণ হয়েছে। মিরপুরে এক বাসায় একাকী মরে পড়ে ছিলেন এক মা, যাঁর শরীরে ঘা হয়ে গিয়েছিল। অথচ তাঁর দুই ছেলে ঢাকাই অত্যন্ত প্রতিষ্ঠিত। মিরপুরেই আরেক ফ্ল্যাট থেকে এক মায়ের অর্ধগলিত মরদেহ উদ্ধার করা হয়েছে, যাঁর স্বামী-সন্তান বিদেশে থাকেন। এমন ঘটনা অহরহ ঘটছে। প্রকাশিত প্রতিবেদনে অনেক প্রবীণের এমনই দুর্দশার করুণ চিত্র উঠে এসেছে। কেউ নিজের বাড়ি বা ফ্ল্যাটে একা থাকেন। কেউ প্রবীণনিবাসের ছোট্ট কুঠরির চার দেয়ালে বন্দি হয়ে মৃত্যুর অপেক্ষা করছেন। অনেকে সন্তান-স্বজনদের দেখা পাবেনও এমন আশাও ছেড়ে দিয়েছেন। আবার যাঁদের নিজের সংগতি কম, প্রবীণনিবাসের খরচ জোগানোর ক্ষমতা নেই, তাঁদের কী অবস্থা? প্রতিনিয়ত লাঞ্ছনা-গঞ্জনা সহ্য করে সন্তানের সংসারে মুখ গুঁজে কোনো রকমে পড়ে থাকতে হয়। মৃত্যু কেন আসে না বলে আক্ষেপ করতে হয়। অনেকের অবস্থা হয় আরো খারাপ। নিকট অতীতে বৃদ্ধ মা-বাবাকে দূরে কোথাও রাস্তার ধারে বা জঙ্গলে ফেলে আসার মতো ঘটনাও ঘটেছে। বাংলাদেশ প্রবীণ হিতৈষী সংঘ ও জরাবিজ্ঞান প্রতিষ্ঠানের (বাইগাম) মহাসচিব বীর মুক্তিযোদ্ধা মো. ইন্তেজার রহমান বলেন, 'এখানে যাঁরা আসেন, বাধ্য হয়েই আসেন। পরিবারের লোকজন এসে দেখা করে যায়। কিন্তু দিনশেষে তাঁরা একাকী। এটাই বাস্তবতা। তাঁদের একেকজনের একেক ধরনের কষ্ট।' তিনি জানান, ঢাকাসহ সারা দেশে তাঁদের মোট ৯২টি শাখায় ১০ থেকে ১২ হাজার প্রবীণ থাকেন। প্রবীণ হিতৈষী লেখক ও সংগঠক হাসান আলী বলেন, 'আগে প্রবীণদের আড্ডা দেওয়ার জায়গা ছিল। গল্প করতে পারতেন। এখন অনেকের জীবন চার দেয়ালে আটকে গেছে।' ঢাকা বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের অধ্যাপক কামাল উদ্দিন আহমেদ চৌধুরী বলেন, 'সময় যত যাবে, দেশে প্রবীণের সংখ্যা তত বাড়বে। তবে এখন যেহেতু যৌথ পরিবারের সংখ্যা কমে যাচ্ছে, সেহেতু স্বাভাবিকভাবেই প্রবীণদের একাকিত্ব বাড়ছে। নিঃসঙ্গতার ফলে তাঁদের মধ্যে মৃত্যুভয়, বিষণ্নতা, মেজাজ খিটখিটে হওয়াসহ নানা শারীরিক ও মানসিক রোগ দেখা দেয়।' মা-বাবার ভরণ-পোষণের বিষয়ে আইন আছে, কিন্তু আইনের বাস্তবায়ন নেই। আর যেখানে পারিবারিক বন্ধন, ভালোবাসা, মানবিকতা হারিয়ে যাচ্ছে; সেখানে আইন কতটুকুই বা করতে পারবে! রাষ্ট্র ও সমাজকে বিষয়টি নিয়ে ভাবতে হবে। পদক্ষেপ নিতে হবে। আনন্দময় শৈশবের মতোই আনন্দময় বার্ধক্য নিশ্চিত করতে হবে।

## স্বচ্ছতা-জবাবদিহি ছাড়া

আমির ডা. শফিকুর রহমান। মঙ্গলবার (৯ জুন) রাজধানীর মগবাজারের আল-ফালাহ মিলনায়তনে জামায়াত আয়োজিত 'জনমুখী বাজেট ২০২৬-২৭ প্রস্তাবনা' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। জামায়াত আমির বলেন, সততা, স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা না গেলে কোনো সরকারের দেওয়া বাজেটই কার্যকর হবে না। জনগণের কল্যাণ নিশ্চিত করতে হলে বাজেট প্রণয়ন ও বাস্তবায়নের প্রতিটি স্তরে সুশাসন প্রতিষ্ঠা করতে হবে। শফিকুর রহমান বলেন, 'আমরা দেশকে ভালোবাসি বলেই জনগণের প্রত্যাশা ও প্রয়োজনের আলোকে কেমন বাজেট হওয়া উচিত, সে বিষয়ে আমাদের চিন্তা-ভাবনা জনগণের সামনে তুলে ধরছি। এটি কোনো চূড়ান্ত বাজেট নয়, বরং বাজেটের পূর্বধারণা বা প্রস্তাবনা।' তিনি জানান, দেশের মানুষ দীর্ঘদিন ধরে ন্যায়বিচার, বৈষম্যহীন সমাজ ও অর্থনৈতিক মুক্তির প্রত্যাশা করে আসছে। কিন্তু বারবার রাজনৈতিক প্রতিশ্রুতি দেওয়া হলেও সেগুলোর অনেকটাই বাস্তবায়িত হয়নি। ফলে জনগণ হতাশ হয়েছে এবং পরিবর্তনের প্রত্যাশায় বিভিন্ন সময়ে আন্দোলন-সংগ্রামে অংশ নিয়েছে। বর্তমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে জামায়াত আমির বলেন, আর্থিক, রাজনৈতিক, প্রাতিষ্ঠানিক ও সাংবিধানিক বিভিন্ন ক্ষেত্রে অযাচিত রাজনৈতিক হস্তক্ষেপ দৃশ্যমান হয়ে উঠেছে। কেন্দ্রীয় ব্যাংক, ব্যাংকিং খাত, বিমা ও বিভিন্ন করপোরেশনে অনিয়ম ও প্রভাব বিস্তারের কারণে অর্থনীতির ভিত্তি দুর্বল হচ্ছে। এরই মধ্যে পুঁজিবাজার সংকটে রয়েছে, আর ব্যাংকিং খাতও ঝুঁকির মুখে পড়লে দেশের অর্থনীতি আরও বড় বিপদের সম্মুখীন হবে। বাজেট প্রস্তাবনার লক্ষ্য সম্পর্কে শফিকুর রহমান বলেন, এটি কোনো দলীয় বাজেট নয়। দেশের ১৮ থেকে ২০ কোটি মানুষের কল্যাণের কথা বিবেচনায় রেখেই প্রস্তাবনা তৈরি করা হচ্ছে। সরকার চাইলে এখান থেকে ইতিবাচক বিষয় নিতে পারে। তবে এর বাস্তবায়নের পূর্বশর্ত হলো সততা, স্বচ্ছতা ও জবাবদিহি।

## চার খাতে অতিরিক্ত

বিদ্যুৎ ও সার খাতে বাংলাদেশকে অতিরিক্ত প্রায় ৪২ হাজার ৬০০ কোটি টাকা ভর্তুকি দিতে হতে পারে বলে জাতীয় সংসদে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। একইসঙ্গে সংঘাতের কারণে কর্মসংস্থান, রেমিট্যান্সপ্রবাহ ও মূল্যস্ফীতির ওপর চাপ সৃষ্টির ঝুঁকি রয়েছে বলে জানান তিনি। মঙ্গলবার (০৯ জুন) বিকেলে বাজেট অধিবেশনে ঢাকা-১৮ আসনের সরকারি দলের সংসদ সদস্য এস এম জাহাঙ্গীর হোসেনের তারকা চিহ্নিত প্রশ্নের জবাবে অর্থমন্ত্রী এ তথ্য জানান। প্রশ্নে সাম্প্রতিক মধ্যপ্রাচ্যের যুদ্ধের কারণে বাংলাদেশ কোনো অর্থনৈতিক বা বাণিজ্যিক ক্ষতির সম্মুখীন হয়েছে কি না, তা জানতে চাওয়া হয়। অর্থমন্ত্রী বলেন, 'ইরানসহ মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক সংঘাত এবং বৈশ্বিক জ্বালানি বাজারের অস্থিরতা তেল, গ্যাস, বিদ্যুৎ ও সার খাতে সরকারের ভর্তুকি ব্যয়ের ওপর অতিরিক্ত চাপ সৃষ্টি করেছে। প্রাথমিক হিসাব অনুযায়ী, ২০২৫-২৬ অর্থবছরের জুন মাস পর্যন্ত শুধু এই চার খাতেই অতিরিক্ত প্রায় ৪২ হাজার ৬০০ কোটি টাকার ভর্তুকি প্রয়োজন হতে পারে।' অর্থমন্ত্রী জানান, অতিরিক্ত ভর্তুকির মধ্যে তেল খাতে প্রায় ১০ হাজার ২৫৮ কোটি টাকা, গ্যাস খাতে ১১ হাজার ১৭০ কোটি টাকা, বিদ্যুৎ খাতে ১৯ হাজার ৮২১ কোটি টাকা এবং সার খাতে ১ হাজার ৩৫০ কোটি টাকা প্রয়োজন হতে পারে। ইরানসহ মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক অস্থিরতা বাংলাদেশের অর্থনীতির জন্য তাৎক্ষণিক ও সম্ভাব্য উভয় ধরনের ঝুঁকি সৃষ্টি করেছে বলে জানান অর্থমন্ত্রী। তিনি বলেন, 'এ পর্যন্ত এর প্রভাব প্রধানত জ্বালানি, সার, আমদানি ব্যয়, পরিবহন খরচ, মূল্যস্ফীতি, বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনা, রেমিট্যান্স এবং বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে দৃশ্যমান হয়েছে।' আন্তর্জাতিক বাজারে জ্বালানি তেল, এলএনজি ও সারের মূল্য বৃদ্ধি পাওয়ার কথা উল্লেখ করে আমির খসরু মাহমুদ বলেন, 'এতে আমদানি ব্যয় ও উৎপাদন খরচ বেড়েছে।' জ্বালানির মূল্যবৃদ্ধি বিদ্যুৎ, পরিবহন, কৃষি ও শিল্প খাতে ব্যয় বাড়িয়ে বাজারদর ও মূল্যস্ফীতির ওপর পরোক্ষ চাপ সৃষ্টি করতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি। মধ্যপ্রাচ্য বাংলাদেশের প্রবাসী শ্রমিকদের অন্যতম প্রধান কর্মক্ষেত্র হওয়ায় যুদ্ধের কারণে দীর্ঘস্থায়ী অস্থিরতা বৈদেশিক কর্মসংস্থান ও রেমিট্যান্স প্রবাহের ওপরও ঝুঁকি তৈরি করতে পারে বলে শঙ্কা প্রকাশ করেন অর্থমন্ত্রী। পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, 'সরকার ইতোমধ্যে বেশ কয়েকটি পদক্ষেপ গ্রহণ করেছে। এর মধ্যে রয়েছে জ্বালানি আমদানির উৎস বহুমুখীকরণ, দেশীয় গ্যাস অনুসন্ধান জোরদার, নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ স্বাভাবিক রাখা, বৈদেশিক মুদ্রা ব্যবস্থাপনায় সতর্কতা অবলম্বন এবং নতুন শ্রমবাজার অনুসন্ধান।' সম্ভাব্য অর্থনৈতিক ঝুঁকি মোকাবিলায় সরকার প্রয়োজনীয় সব ধরনের প্রস্তুতি গ্রহণ করছে বলে সংসদকে জানান তিনি।

## কোনো বিষয়ের অনার্স

আ ন ম এহছানুল হক মিলন। মঙ্গলবার সচিবালয়ে সাংবাদিকদের মন্ত্রী বলেছেন, 'আমার জানামতে এ রকম কোনো আলোচনা হয়নি। আর বাংলা মাতৃভাষা, এটা কি বাদ দেওয়া যেতে পারে?' ?মন্ত্রী বলেন, 'এমন কোনো আলোচনা হয়নি। আমার জ্ঞাতসারে নেই। আমি জানি না এই নিউজ কোথা থেকে আসল।' এদিন একটি গণমাধ্যমে প্রকাশিত এক প্রতিবেদনে দাবি করা কয়, বাংলা, দর্শন, ইতিহাসসহ ছয় বিষয়ে অনার্স কোর্স বাতিল হচ্ছে। যদিও এই দাবি 'ভিত্তিহীন' বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী। ?মন্ত্রী বলেন, 'আমরা কারিগরিকে ইম্পর্টেন্স দিচ্ছি। আমরা আধুনিক করছি। যেগুলোর মার্কেট ডিমান্ড রয়েছে, সেগুলোকে আমরা দেখছি। সে তো প্রতিনিয়ত আলোচনা হচ্ছে। কিন্তু বাংলা, দর্শন, ইতিহাস বাদ পড়বে এই আলোচনা আমরা কোথাও শুনিনি এবং আমরাও কোথাও করিনি।' মন্ত্রী বলেন, 'মার্কেট ডিমান্ড অনুযায়ী তো কোর্স আমরা রেগুলারলি ইন্ট্রোডিউস করছি, প্রতিটি বিশ্ববিদ্যালয়ে আমরা ইন্ট্রোডিউস করছি এবং প্রতিটি লেভেলেই আমরা ইন্ট্রোডিউস করছি। বাট বাংলাকে বাদ দিয়ে, ইতিহাসকে বাদ দিয়ে, এমন কথা কোথাও হয়নি।' অনার্স কোর্স কমিয়ে আনা বা কোনো বিষয়ে অনার্স কোর্স বন্ধ করার কোনো পরিকল্পনা শিক্ষা মন্ত্রণালয়ের নেই বলেও জানান মন্ত্রী। এদিন দুপুরে জাতীয় বিশ্ববিদ্যালয় এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কোনো অনার্স কোর্স বন্ধের ব্যাপারে সরকার কিংবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্ত নেই।

## সুপ্রিম কোর্ট সচিবালয়

বিভাগ। একইসঙ্গে সুপ্রিম কোর্টের জন্য পৃথক স্বাধীন সচিবালয় প্রতিষ্ঠার রায়ের বিরুদ্ধে আপিল শুনানির জন্য আগামী ১৬ জুন নির্ধারণ করেছেন আদালত। আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত হাইকোর্টের রায় স্থগিত থাকবে। মঙ্গলবার (৯ জুন) প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীর নেতৃত্বাধীন আপিল বেঞ্চ এ আদেশ দেন। আদালতে রাষ্ট্রপক্ষে শুনানি করেন অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল। অপরপক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির। এর আগে সকালে তিন মাসের মধ্যে সুপ্রিম কোর্টের জন্য পৃথক স্বাধীন সচিবালয় করার নির্দেশ দিয়ে হাইকোর্টের পূর্ণাঙ্গ রায়ের বিরুদ্ধে আপিল শুনানি শুরু হয়। গত ২১ মে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিল করে রাষ্ট্রপক্ষ। গত ৭ এপ্রিল ১৮৫ পৃষ্ঠার হাইকোর্টের রায় প্রকাশ করা হয়। এর আগে ২ সেপ্টেম্বর বিচারপতি আহমেদ সোহেল ও বিচারপতি দেবাশীষ রায় চৌধুরীর বেঞ্চ এই রায় দেন।

## বরিশাল বিভাগে কমেছে

ইলিশের সরবরাহ একেবারেই কমে গেছে। স্থানীয় নদী থেকে দুই-তিন মণের বেশি মাছ আসছে না। চাহিদার তুলনায় এটি খুবই সামান্য। আর সরবরাহ কমে যাওয়ায় বেড়ে গেছে ইলিশের দাম। বরিশালের বিভিন্ন বাজার ঘুরে দেখা যায়, বাজারে ৩০০ গ্রাম ওজনের ইলিশের কেজি বিক্রি হচ্ছে ১ হাজার ৩০০ টাকা ধরে। আর ৪০০ থেকে ৫০০ গ্রাম ওজনের ইলিশ ১ হাজার ৬০০ টাকায়, সাড়ে ৭০০ গ্রাম ওজনের ২ হাজার টাকায় এবং এক কেজি ওজনের ইলিশের বিক্রি হচ্ছে আড়াই হাজার টাকা পর্যন্ত। ব্যবসায়ীদের দাবি, ইলিশ সংকটের অন্যতম কারণ জাটকা নিধন। তাদের অভিযোগ, মেঘনা নদীসংলগ্ন হিজলা ও মেহেন্দীগঞ্জ এলাকায় এখনো অবাধে কারেন্ট জাল দিয়ে জাটকা ধরা হচ্ছে। ব্যবসায়ী মো. সুজন বলেন, 'জাটকা রক্ষায় কঠোর অভিযান ছাড়া ইলিশ বাঁচানো সম্ভব নয়। প্রজনন ও বেড়ে ওঠার সময় মাছ রক্ষা করা না গেলে ভবিষ্যতে সংকট আরও বাড়বে।' মাছ না পাওয়ায় সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন জেলেরা। হিজলা উপজেলার অরাকুল গ্রামের জেলে আরিফ বলেন, 'সারা দিন নদীতে জাল ফেলেও মাছ পাই না। তেলের খরচই ওঠে না। এমন অবস্থা আগে দেখিনি।' মেহেন্দীগঞ্জ ও ভোলার জেলেরাও একই ধরনের অভিজ্ঞতার কথা জানিয়েছেন। তাদের ভাষ্য, নদীতে মাছের উপস্থিতি আগের তুলনায় উল্লেখযোগ্যভাবে কমে গেছে। বরিশাল মৎস্য অধিদপ্তরের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) মো. কামরুল হাসান বলেন, অভ্যন্তরীণ নদ-নদীতে অস্বাভাবিকভাবে ইলিশের উপস্থিতি কমে গেছে। নদীর প্রবেশপথে ডুবোচর সৃষ্টি হওয়ায় সাগর থেকে মাছের স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছে। মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সাবেক মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও ইলিশ গবেষক ড. মোহাম্মদ আনিছুর রহমানের মতে, নদীতে পলি জমা, নাব্যসংকট, চর ও ডুবোচর সৃষ্টি, জাটকা নিধন, জলবায়ু পরিবর্তন এবং নদীদূষণসব মিলিয়ে ইলিশের প্রজনন ও বিচরণক্ষেত্র ক্ষতিগ্রস্ত হচ্ছে। মৎস্য অধিদপ্তরের 'ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা' প্রকল্পের পরিচালক মোল্লা এমদাদুল্যাহ বলেন, নদ-নদীর নাব্য কমে যাওয়ায় অনেক ইলিশের স্বাভাবিক চলাচল ব্যাহত হচ্ছে। ফলে তাদের বৃদ্ধি ও প্রজনন প্রক্রিয়াও ক্ষতিগ্রস্ত হচ্ছে। একই সঙ্গে অগভীর সাগরে ছোট ফাঁসের জাল ব্যবহার করে ছোট আকারের মাছ ধরার প্রবণতাও বাড়ছে। মৎস্যবিজ্ঞানী আবদুল ওহাব মনে করেন, দক্ষিণাঞ্চলের বিষখালী, পায়রা ও বলেশ্বর নদকে ঘিরে নতুন অভয়াশ্রম গঠন, নদীর মোহনা থেকে চর অপসারণ এবং দূষণ নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নেওয়া জরুরি। তিনি বলেন, 'শুধু আইন প্রয়োগ করে জাটকা নিধন বন্ধ করা সম্ভব নয়। নিষেধাজ্ঞার সময়ে জেলেদের বিকল্প জীবিকা ও আর্থিক সহায়তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে পুরো নদীব্যবস্থার নাব্য, ডুবোচর ও দূষণ পরিস্থিতি নিয়ে সমন্বিত জরিপ প্রয়োজন।' দক্ষিণাঞ্চলের মৎস্য খাত, জেলে সম্প্রদায়ের অধিকার সুরক্ষা এবং জীবিকা উন্নয়ন নিয়ে কাজ করা উন্নয়ন সংস্থা কোস্ট ফাউন্ডেশনের প্রকল্প সমন্বয়কারী জহিরুল ইসলাম বলেন, এই অঞ্চলের লাখো মানুষের জীবিকা ইলিশনির্ভর। উৎপাদন কমে যাওয়ায় শুধু জেলেরা নন, ক্ষতিগ্রস্ত হচ্ছেন আড়তদার, ব্যবসায়ী, পরিবহনশ্রমিকসহ সংশ্লিষ্ট অন্যরা। ইলিশের উৎপাদন বাড়াতে এখনই কার্যকর উদ্যোগ না নেওয়া হলে সংকট আরও গভীর হতে পারে। এর প্রভাব পড়বে জাতীয় অর্থনীতি ও উপকূলীয় জনজীবনে।

## প্রকল্পের মেয়াদ ও ব্যয়

দেওয়া হবে। বৈঠক সূত্রে জানা গেছে, একনেক সভায় খুলনা শিপইয়ার্ড সড়ক প্রশস্তকরণ ও উন্নয়ন প্রকল্পের তৃতীয় সংশোধনের প্রস্তাব উপস্থাপন করা হলে প্রধানমন্ত্রী তীব্র অসন্তোষ প্রকাশ করেন। বারবার মেয়াদ বৃদ্ধির কারণে প্রকল্পটি অনুমোদন না দিয়ে একনেক সভা থেকে ফেরত পাঠানো হয়। একই সঙ্গে কোন কর্মকর্তার কারণে এই প্রকল্পের মেয়াদ বারবার বাড়াতে হচ্ছে, তাকে চিহ্নিত করার তাগিদ দেন প্রধানমন্ত্রী। সভায় তিনি সব ধরনের প্রকল্পের খরচ কমানোর এবং রেট সিডিউল একীভূত করার নির্দেশ দেন। এলজিইডি ও পিডাব্লিউডিসহ বিভিন্ন বিভাগের রেট সিডিউল আলাদা হওয়ায় বিরক্তি প্রকাশ করে তিনি বলেন, অধিকাংশ প্রকল্পের ব্যয় অস্বাভাবিক মনে হচ্ছে। তাই দ্রুততম সময়ের মধ্যে সব বিভাগের রেট সিডিউল একই কাঠামোতে নিয়ে আসতে হবে। উন্নয়নের নামে গাছ কাটার বিষয়েও নিজের দুঃখ ও ক্ষোভ প্রকাশ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। একনেক সভায় আক্ষেপ করে তিনি বলেন, এক সময় ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে অনেক গাছ ছিল যা দেখে চোখ জুড়িয়ে যেত, কিন্তু এখন ঢাকা-বগুড়া সড়কেও তেমন গাছ নেই। প্রধানমন্ত্রী স্পষ্ট জানান, তিনি সব এলাকাকে শহর বানানোর পক্ষে নন, বরং গ্রামীণ পরিবেশ বজায় রাখাই তার পছন্দ। সড়কের পাশে পরিবেশের জন্য ক্ষতিকর ইউক্যালিপটাস বা ইপিল-ইপিল গাছ না লাগানোর জন্য সংশ্লিষ্টদের দৃষ্টি আকর্ষণ করে তিনি বলেন, বিনা কারণে গাছ কেটে ফেলা মানুষ হিসেবে তাকে ব্যথিত করে। এদিনের সভায় অনুমোদিত ১০টি প্রকল্পের মধ্যে রয়েছে বরিশাল সেচ প্রকল্পের রক্ষণাবেক্ষণ ও পুনর্বাসন (১ম পর্যায়), সমন্বিত উপজেলা ভূমি কমপ্লেক্স নির্মাণ, ময়মনসিংহ সিটি কর্পোরেশনের নগর ভবন নির্মাণ এবং আনোয়ারা-বাঁশখালী-টইটং-পেকুয়া-বদরখালী-চকরিয়া আঞ্চলিক মহাসড়ক যথাযথমান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প। এছাড়া বাংলাদেশের ৩৩টি জেলায় সার্কিট হাউজ ও জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁওয়ে লিফট সংযোজন, বাংলাদেশ শিশু হাসপাতাল ও ইনস্টিটিউট সম্প্রসারণ, ঢাকা সিএমএইচে ক্যান্সার সেন্টার নির্মাণ (২য় পর্যায়), মাদ্রাসা এডুকেশন ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন সিস্টেম (এমইএমআইএস) সাপোর্ট, দেশের ৬৫৩টি মাদ্রাসায় মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন এবং বিদ্যমান গ্রিড উপকেন্দ্র ও সঞ্চালন লাইনের ক্ষমতাবর্ধন (১ম সংশোধিত) প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এদিকে, দীর্ঘ প্রায় এক দশক ধরে ঝুলে থাকা 'চাইনিজ ইকোনমিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল জোন' (সিইআইজেড) প্রকল্পটির জট অবশেষে খুলতে যাচ্ছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের চলতি মাসের ২৩ থেকে ২৬ তারিখ পর্যন্ত নির্ধারিত চার দিনের চীন সফরের আগেই এই অঞ্চলের অবকাঠামো উন্নয়ন প্রকল্প একনেকের এজেন্ডায় বিশেষ গুরুত্ব পেয়েছে। সংশ্লিষ্টরা জানিয়েছেন, এটি বিএনপির নির্বাচনী ইশতেহারের 'ভঙ্গুর অর্থনীতির পুনর্গঠন ও পুনরুদ্ধার' এবং 'চট্টগ্রামকে বাণিজ্যিক রাজধানী হিসেবে প্রতিষ্ঠা' করার প্রতিশ্রুতিরই অংশ। চট্টগ্রামের কর্ণফুলী নদীর পূর্ব তীরে আনোয়ারা উপজেলার বেলচূড়া এলাকায় প্রায় ৮০০ একর জমির ওপর এই অর্থনৈতিক ও শিল্পাঞ্চলটি গড়ে তোলা হচ্ছে, যা বঙ্গবন্ধু টানেল থেকে মাত্র চার কিলোমিটার দূরে অবস্থিত। বিশেষ এই অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৪ হাজার ১৮৯ কোটি টাকা, যার মধ্যে ২ হাজার ৪৬৭ কোটি টাকা চীনা ঋণ এবং বাকি অংশ বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিল থেকে দেওয়া হবে। চীনের 'চায়না রোড অ্যান্ড ব্রিজ করপোরেশন' (সিআরবিসি) জিটুজি ভিত্তিতে ২০৩১ সালের ডিসেম্বরের মধ্যে এই প্রকল্পের কাজ শেষ করবে। এই প্রকল্পের আওতায় সেতুসহ সংযোগ সড়ক, ২০ হাজার ৩০৪ ঘনমিটার ধারণক্ষমতার পানি সংরক্ষণাগার, গ্যাস পাইপলাইন, ২৫ এমএলডি ক্ষমতাসম্পন্ন কেন্দ্রীয় বর্জ্য শোধনাগার (সিইটিপি), কঠিন বর্জ্য সংগ্রহ স্টেশন, ২০ হাজার ডিডব্লিউটি ধারণক্ষমতার বহুমুখী জেটি, বিদ্যুৎ সাবস্টেশন এবং ১২ কিলোমিটার সীমানা প্রাচীর নির্মাণ করা হবে। ২০১৬ সালে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের ঢাকা সফরের সময় এর ভিত্তিপ্রস্তর স্থাপন করা হলেও তৎকালীন আওয়ামী লীগ সরকারের অনীহা, ডিপিপি অনুমোদন ও অর্থায়ন জটিলতায় প্রকল্পটি স্থবির হয়ে পড়েছিল। পরবর্তী সময়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের চীন সফরকে কেন্দ্র করে এই প্রক্রিয়া গতি পায় এবং বর্তমান বিএনপি নেতৃত্বাধীন সরকার দায়িত্ব নেওয়ার পর তা চূড়ান্ত অনুমোদনের পর্যায়ে নিয়ে আসে। এই প্রকল্প সফলভাবে বাস্তবায়িত হলে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এক লাখের বেশি মানুষের কর্মসংস্থান হবে এবং ৫০০ মিলিয়ন মার্কিন ডলার সরাসরি বৈদেশিক বিনিয়োগ (এফডিআই) আসবে বলে আশা করা হচ্ছে। এর বছরভিত্তিক ব্যয়ের খাতও চূড়ান্ত করা হয়েছে, যেখানে আগামী ২০২৬-২৭ অর্থবছর থেকে শুরু করে ২০৩০-৩১ অর্থবছর পর্যন্ত পর্যায়ক্রমে নিজস্ব তহবিল ও ঋণের অর্থ খরচ করা হবে।

## বরিশালে ইজিবাইক নবায়ন শুরু

তা সিটি করপোরেশন নির্ধারণ করবে। তাদের অনুমোদিত তালিকা পেলে পুলিশ ব্যবস্থা নিতে পারবে। সিটি করপোরেশনের পরিবহন শাখার ব্যবস্থাপক মানিক জানান, ৩০ জুনের মধ্যে নবায়ন প্রক্রিয়া শেষ হলে ১ জুলাই থেকে ইজিবাইক নিয়ন্ত্রণে কঠোর নিষেধাজ্ঞা কার্যকর হবে। এবার ইজিবাইক মালিকদের নবায়ন ফি হিসেবে ৫ হাজার টাকা, ১৫ শতাংশ ভ্যাট (৭৫০ টাকা), ফরম ও ব্লু-বুক মিলিয়ে মোট ৫ হাজার ৯৫০ টাকা জমা দিতে হচ্ছে। তবে সিটি করপোরেশনের এই উদ্যোগকে টেকসই সমাধান মনে করছেন না শ্রমিক নেতারা। বাংলাদেশ সমাজতান্ত্রিক দলের (বাসদ) বরিশাল জেলা শাখার নেতা ও শ্রমিক আন্দোলনের সংগঠক ডা. মনীষা চক্রবর্তী বলেন, 'সিটি করপোরেশনের দেওয়া টোকেন দিয়ে যানবাহনের নিরাপত্তা বা চালকের প্রশিক্ষণ নিশ্চিত করা সম্ভব নয়। এসব পুরোনো টোকেন মূলত স্বজনপ্রীতির মাধ্যমে মধ্যস্বত্বভোগীদের দেওয়া হয়েছে। বিআরটিএ স্বীকৃত লাইসেন্স ছাড়া এসব পরিবহন নিরাপদ হবে না।' তিনি আরও বলেন, ইজিবাইকের সংখ্যা নির্ধারণ করতে চাইলে নতুন করে স্বচ্ছ প্রক্রিয়ায় টোকেন দেওয়া উচিত।

## আগৈলঝাড়ায় বিএনপি নেতার বিরুদ্ধে

সঙ্গে তাঁর দূরত্ব বাড়ে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, বিকেলে দীপালি সরকারের স্বামী নির্মল সরকার আত্মীয়ের বাড়ি বেড়াতে গেলে বাড়িতে একা ছিলেন দীপালি। এ সময় চৈতন্যর সঙ্গে বাগ্‌?বিতণ্ডার একপর্যায়ে ধারালো অস্ত্র দিয়ে দীপালির পায়ের রগ কেটে দেন চৈতন্য। পরে চৈতন্যই দীপালিকে স্থানীয় সুনীল ঢালীর ভ্যানে করে চিকিৎসার জন্য স্থানীয় হাসপাতালে নিয়ে যান। ঘটনার বিষয়ে রত্নপুর ইউনিয়নের ৫ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য সুখদেব বাড়ৈ চৈতন্য সরকারের সঙ্গে যোগাযোগ করলে বলেন, 'দীপালির চিকিৎসার জন্য তাকে নিয়ে বর্তমানে ঢাকায় রয়েছি।' সুখদেব বাড়ৈ বলেন, 'এই সম্পর্কের বিষয়টি নিয়ে এলাকায় বেশ কয়েকবার সালিস বৈঠক হয়েছে। তারপরও তারা অবৈধ সম্পর্ক থেকে বিরত থাকেনি।' অভিযুক্ত চৈতন্য সরকার বলেন, 'দীপালি আমার বৈধ স্ত্রী। আদালতের মাধ্যমে আমরা বিয়ে করেছি। সে তার স্বামী নির্মল সরকারকে ডিভোর্স দিয়েছে। যার কারণে চিকিৎসার জন্য ঢাকায় নিয়ে এসেছি।' আগৈলঝাড়া থানার পরিদর্শক (তদন্ত) সুশংকর মল্লিক বলেন, ঘটনা শুনে এসআই মাকসুদুর রহমানকে পাঠানো হয়েছিল। রোগী বর্তমানে ঢাকায় চিকিৎসাধীন রয়েছেন। তাঁর পরিবার থানায় কোনো অভিযোগ দিতে চায়নি। এর আগে ঘটনা জানার পর আগৈলঝাড়া থানার এসআই মাকসুদুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন। তবে কোনো আলামত বা কিছু জব্দ না করেই তিনি ফিরে আসেন বলে অভিযোগ রয়েছে।

## দেশে এখন বৈধ

কোম্পানির সংখ্যা কত; সেসব কোম্পানির বৈধ সিমের সংখ্যা কত? জবাবে ফকির মাহবুব আনাম জানান, বর্তমানে দেশে মোবাইল কোম্পানির সংখ্যা চারটি। কোম্পানিগুলো হলো- টেলিটক বাংলাদেশ লিমিটেড, গ্রামীণফোন লিমিটেড, রবি আজিয়াটা পিএলসি ও বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশনস লিমিটেড। এসব মোবাইল কোম্পানিগুলোর বৈধ রেজিস্ট্রার্ড সিমের সংখ্যা ৩২ কোটি ৮২ লাখ।

## দেশে প্রায় ৮৭ হাজার

কারণে ১৫ থেকে ২৪ বছর বয়সী তরুণদের মধ্যে তামাক ব্যবহারের হার আশঙ্কাজনকভাবে বাড়ছে, যা ভবিষ্যতে হৃদরোগ ও ক্যানসারের মতো রোগের ঝুঁকি বহুগুণ বাড়িয়ে দিচ্ছে। বিশেষজ্ঞরা অর্থনৈতিক ক্ষতি ও স্বাস্থ্যঝুঁকির হিসাব দিয়ে বলেন, দেশে প্রতিবছর প্রায় দুই লাখ মানুষ তামাকজনিত রোগে অকালে মারা যান এবং ২০২৪ সালে তামাকের কারণে স্বাস্থ্য ও পরিবেশের ক্ষতি হয়েছে প্রায় ৮৭ হাজার কোটি টাকা, যা সরকারের পাওয়া রাজস্বের চেয়ে দ্বিগুণেরও বেশি। এই ক্ষতি কমাতে চিকিৎসকরা বাজেটে নিম্ন ও মধ্যম স্তরের সিগারেট একীভূত করে ১০ শলাকার প্যাকেটের দাম ন্যূনতম ১০০ টাকা এবং উচ্চ ও প্রিমিয়াম স্তরের দাম যথাক্রমে ১৫০ ও ২০০ টাকা করার প্রস্তাব করেছেন। সেমিনারে বক্তারা তামাকের ক্ষতিকর দিক এবং দাম বাড়ানোর প্রয়োজনীয়তা নিয়ে বক্তব্য পেশ করেন। ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন হাসপাতালের অধ্যাপক ডা. সোহেল রেজা চৌধুরী বলেন, অসংক্রামক রোগ বর্তমানে দেশের সবচেয়ে বড় জনস্বাস্থ্য চ্যালেঞ্জ এবং তরুণ বয়সে তামাকের আসক্তি শুরু হলে পরবর্তী জীবনে এই ঝুঁকি বহুগুণ বেড়ে যায়। তাই আসন্ন বাজেটে তামাকপণ্যের দাম বাড়ানো জরুরি।

## হত্যাচেষ্টা মামলায় বরিশালের

এলাকায় আন্দোলন চলাকালে বিক্ষোভকারীদের ওপর গুলি চালানোর ঘটনা ঘটে। কনফিডেন্স টাওয়ারের সামনে সংঘটিত ওই ঘটনায় ভ্যানচালক জব্বার আলী হাওলাদার গুলিবিদ্ধ হন। পরে ওই বছরের ১১ ডিসেম্বর জব্বার আলী হাওলাদার বাদী হয়ে গুলশান থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ মোট ১০৯ জনকে আসামি করা হয়। এ মামলায় এজাহারে নাম না থাকলেও অজ্ঞাতনামা আসামি হিসেবে শাহে আলমকে গ্রেফতার দেখানো হয়েছে। এর আগে, ২০২৪ সালের ১১ সেপ্টেম্বর শাহে আলমের বিরুদ্ধে চাঁদা দাবি, হামলা, মারধর ও হত্যাচেষ্টার অভিযোগে বরিশালের আদালতে একটি মামলা দায়ের হয়। মামলাটিতে তার তিন ভাইসহ মোট ১৪ জন আওয়ামী লীগ নেতা-কর্মীকে আসামি করা হয়েছিল। ২০২৫ সালের ২৩ ফেব্রুয়ারি অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে শাহে আলমের বিরুদ্ধে মামলা করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এদিকে ২০২৪ সালের ১৪ সেপ্টেম্বর আটকের পর থেকে বিভিন্ন মামলায় গ্রেফতার হয়ে তিনি দীর্ঘ ২১ মাস ধরে কারান্তরীণ রয়েছেন। সম্প্রতি ছাত্র হত্যা মামলায় তার জামিন হলেও আরেক হত্যা চেষ্টা মামলায় গ্রেফতার দেখানো হয়। একের পর এক রাজনৈতিক হয়রানিমূলক মামলায় তাকে দীর্ঘ ২১ মাস কারাগারে বন্দি রাখার ঘটনায় স্থানীয় আওয়ামী লীগ নেতা-কর্মীরা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে তার নিঃশর্ত মুক্তির দাবি জানিয়েছেন।

## শেরেবাংলা বালিকা মাধ্যমিক

সভাপতি এবং কোতোয়ালী ছাত্রদলের সাবেক সভাপতি ছিলেন। এছাড়া মাহমুদ মহানগর ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সদস্য সচিব এবং বর্তমানে দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক কমিটির সদস্য পদে রয়েছেন। সম্প্রতি মাহমুদ বিল্লাহ কে শেরে বাংলা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি নির্বাচিত করা হয়। মাহমুদ ৫ ই আগস্ট পরবর্তী ওই স্কুলের যে কোনো সমস্যা সমাধান এবং শিক্ষা ক্ষেত্রে শিক্ষার্থীদের অবদানের জন্য কাজ করে যাচ্ছিলেন। তারই ধারাবাহিকতায় তাকে ওই স্কুলের সভাপতি পদে অধিষ্ঠিত করা হয়। তাকে সভাপতি পদে পেয়ে স্কুলের প্রধান শিক্ষক থেকে শুরু করে সহকারী শিক্ষক এবং শিক্ষার্থীরা আনন্দিত। সভাপতি নির্বাচিত হওয়ায় শুভেচ্ছা জানিয়েছেন বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিএনপির কেন্দ্রীয় কমিটির বরিশাল বিভাগীয় সাংগঠনিক সম্পাদক এডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন ও দক্ষিণ জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট আবুল কালাম শাহীনসহ বিএনপি এবং অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

## এক রাতেই ৮ স্থানে পুশ-ইনের

আওতাধীন সীমান্ত এলাকায় এসব ঘটনা ঘটে বলে জানিয়েছে বিজিবি। বিজিবি সূত্রে জানা যায়, রাত ১২টা থেকে দাঁতভাঙা বিওপির ১০৫৪ নম্বর সীমান্ত পিলার এলাকা, মুল্লারচর সীমান্ত পিলার ১০৬২-এর পাশে কুচুনিমারা, ইজলামারি বিওপির ১০৬৭ নম্বর পিলারের বিপরীতে মানকারচর, খেয়ারচর বিওপির ১০৬৯ নম্বর পিলারের বিপরীতে সদরটিলা, পাথরেরচর বিওপির ১০৭৫ নম্বর পিলারের বিপরীতে লুকায়েরচর, বাঘারচর বিওপির ১০৭৩ নম্বর পিলারের বিপরীতে বালুরঘাট, ঝাউডাঙা বিওপির ১০৭৮ নম্বর পিলারের বিপরীতে দর্গাপাড়া এবং সাতানীপাড়া বিওপির ১০৮৭ নম্বর পিলারের বিপরীতে বিলডুবা এলাকায় শতাধিক মানুষকে পুশ-ইনের চেষ্টা করে বিএসএফ। জামালপুর ৩৫ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল হাসানুর রহমান বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'সীমান্ত পরিস্থিতি স্বাভাবিক রাখতে বিজিবি সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। স্থানীয় বাসিন্দারাও অনেক সজাগ। যে কোনো ধরনের অনুপ্রবেশ ঠেকাতে সীমান্তজুড়ে কঠোর নজরদারি অব্যাহত রাখা হয়েছে।'

## হামের উপসর্গে

নতুন করে সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে ৯৮০ জন, যাদের মধ্যে ৯৩৩ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। একই সময়ে ল্যাব পরীক্ষায় নিশ্চিত হামের রোগী পাওয়া গেছে ৫৪ জন। সব মিলিয়ে গত ৮৬ দিনে সন্দেহজনক হামে আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৮১ হাজার ৮৪ জনে। এদের মধ্যে ৬৬ হাজার ১৭০ জনকে হাসপাতালে ভর্তি করা হয়। এ ছাড়া একই সময়ে ল্যাব পরীক্ষায় নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়েছেন ৯ হাজার ৮৩৩ জন। অন্যদিকে, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পাওয়া ১ হাজার ১৪ জনসহ এখন পর্যন্ত মোট ৬২ হাজার ২৯২ জন রোগী সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন।

## শিক্ষার্থীদের সৃজনশীল প্রতিভার

ধরনের প্রতিযোগিতা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। আজকের এই আয়োজন শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক মনোভাব তৈরি করার পাশাপাশি তাদের সৃজনশীল প্রতিভার বিকাশ ঘটাতে সহায়ক হবে। বক্তারা প্রাথমিক শিক্ষার প্রসারে ও শিক্ষকদের মানোন্নয়নে সম্মিলিত প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানের আয়োজক হিসেবে বিভাগীয় উপ পরিচালকের কার্যালয়ের পক্ষ থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ এবং সফল আয়োজনের জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানানো হয়।

## পত্রিকার কাটিং নয়, বহুমাত্রিক তথ্য-উপাত্তের ভিত্তিতে তৈরি হয়েছে গবেষণা: টিআইবি

**কীর্তনখোলা ডেস্ক**

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-পরবর্তী সরকারের প্রথম ১০০ দিন নিয়ে প্রকাশিত প্রতিবেদনকে কেন্দ্র করে জাতীয় সংসদে আলোচনা, স্বরাষ্ট্রমন্ত্রীর বক্তব্য এবং পুলিশ কর্তৃপক্ষের প্রতিক্রিয়ার জবাব দিয়েছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটি বলেছে, তাদের গবেষণা কোনোভাবেই শুধু পত্রিকার কাটিংয়ের ওপর নির্ভর করে তৈরি করা হয়নি; বরং স্বীকৃত সামাজিক বিজ্ঞান গবেষণা পদ্ধতি অনুসরণ করে বিভিন্ন প্রত্যক্ষ ও পরোক্ষ উৎস থেকে তথ্য সংগ্রহ, যাচাই ও বিশ্লেষণের মাধ্যমে প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে। মঙ্গলবার গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে টিআইবি জানায়, 'ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সরকারের ১০০ দিন: সুশাসন প্রতিষ্ঠা ও দুর্নীতিবিরোধী প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যবেক্ষণ' শীর্ষক প্রতিবেদন নিয়ে বিভিন্ন মহলে যে আলোচনা হয়েছে, তা সংস্থাটিকে অনুপ্রাণিত করেছে। টিআইবির মতে, এ ধরনের প্রতিক্রিয়া তাদের গবেষণা ও জনস্বার্থভিত্তিক কার্যক্রমকে আরও ফলপ্রসূ করতে সহায়তা করবে। বিবৃতিতে বলা হয়, স্বরাষ্ট্রমন্ত্রী যথার্থই উল্লেখ করেছেন যে, টিআইবি কোনো তদন্ত সংস্থা নয়। সংস্থাটি মূলত গবেষণাভিত্তিক দুর্নীতিবিরোধী ও সুশাসন-সংক্রান্ত কাজ করে থাকে। সামাজিক বিজ্ঞান গবেষণার আন্তর্জাতিকভাবে স্বীকৃত গুণগত ও পরিমাণগত পদ্ধতি অনুসরণ করে তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের মাধ্যমে প্রতিবেদন তৈরি করা হয়। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রতিবেদনে ব্যবহৃত তথ্যের উৎস প্রসঙ্গে টিআইবি জানায়, বাংলাদেশ পুলিশ এবং তিনটি সুপরিচিত মানবাধিকার সংগঠন থেকে সংগৃহীত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট বিশ্লেষণ করা হয়েছে। এসব তথ্যসূত্র প্রতিবেদনে স্পষ্টভাবে উল্লেখ রয়েছে। ফলে প্রতিবেদনটি কেবল পত্রিকায় প্রকাশিত সংবাদ কাটিংয়ের ওপর নির্ভরশীল এমন মন্তব্যের কোনো বাস্তব ভিত্তি নেই বলে দাবি সংস্থাটির। টিআইবি আরও বলেছে, গবেষণার প্রয়োজনে গণমাধ্যমে প্রকাশিত তথ্য সংগ্রহ করা হলেও তা সরাসরি ব্যবহার করা হয় না। সংশ্লিষ্ট সরকারি, বেসরকারি এবং প্রত্যক্ষ ও পরোক্ষ বিভিন্ন উৎস থেকে সংগৃহীত তথ্যের সঙ্গে মিলিয়ে যাচাই-বাছাই শেষে সেগুলো বিশ্লেষণে অন্তর্ভুক্ত করা হয়। তাই প্রতিবেদনকে ঢালাওভাবে 'পত্রিকার কাটিং-নির্ভর' বলে আখ্যা দেওয়া মূল বিষয়কে এড়িয়ে যাওয়ার একটি অযৌক্তিক প্রচেষ্টা। বিবৃতিতে প্রশ্ন তুলে বলা হয়, দেশের জনপ্রতিনিধি, সরকার ও রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোও বিভিন্ন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ এবং নিজেদের কার্যক্রম প্রচারের ক্ষেত্রে গণমাধ্যমে প্রকাশিত তথ্যের ওপর নির্ভর করে। সে বিবেচনায় গণমাধ্যমে প্রকাশিত তথ্যকে সামগ্রিকভাবে অবমূল্যায়নের কোনো সুযোগ নেই। পুলিশের প্রতিক্রিয়ার প্রসঙ্গ টেনে টিআইবি বলেছে, পুলিশ কর্তৃপক্ষ সংবাদ সম্মেলনে তাদের মূল পর্যবেক্ষণ আইনশৃঙ্খলা পরিস্থিতি উদ্বেগজনক-এসব বিষয়ে দ্বিমত পোষণ করেনি। তবে অতীত সরকারের মেয়াদের সঙ্গে তুলনামূলক বিশ্লেষণের যে প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে, তা উক্ত গবেষণার পরিধির বাইরে। ফলে সে বিষয়ে মন্তব্য করা টিআইবির জন্য যৌক্তিক নয় বলেও উল্লেখ করা হয়েছে বিবৃতিতে।

## বাংলাদেশ ব্যাংকের কাছে ১০ হাজার কোটি টাকা সহায়তা চায় ইসলামী ব্যাংক

**কীর্তনখোলা ডেস্ক**

চেয়ারম্যান নিয়োগকে কেন্দ্র করে চলমান অস্থিরতার মধ্যে তারল্য চাপ সামাল দিতে বাংলাদেশ ব্যাংকের কাছে ১০ হাজার কোটি টাকার বিশেষ সহায়তা চেয়েছে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি। সোমবার কেন্দ্রীয় ব্যাংকের কাছে এ সংক্রান্ত আবেদন করেছে দেশের বৃহত্তম শরিয়াহভিত্তিক ব্যাংকটি। ব্যাংক সূত্রে জানা গেছে, ঈদের ছুটির পর গত রোববার পর্যন্ত পাঁচ কার্যদিবসে ব্যাংকটিতে জমার তুলনায় প্রায় ৪ হাজার ৩০০ কোটি টাকা বেশি উত্তোলন হয়েছে। স্বাভাবিক সময়ের তুলনায় এ অঙ্ক অনেক বেশি। চলমান পরিস্থিতির কারণে একাংশ গ্রাহক আমানত তুলে নিচ্ছেন বলে মনে করছেন সংশ্লিষ্ট কর্মকর্তারা। সূত্রগুলো বলছে, অতিরিক্ত নগদ উত্তোলনের ফলে ব্যাংকটি আবারও বিধিবদ্ধ নগদ সংরক্ষণ (সিআরআর) বজায় রাখতে চাপে পড়েছে। এ পরিস্থিতিতে তারল্য সংকট মোকাবিলা ও আগাম প্রস্তুতির অংশ হিসেবে কেন্দ্রীয় ব্যাংকের সহায়তা চাওয়া হয়েছে। ইসলামী ব্যাংকের একজন ঊর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন, বাংলাদেশ ব্যাংকে রাখা চলতি হিসাবে এখনো তাদের উল্লেখযোগ্য পরিমাণ অর্থ রয়েছে। তবে সিআরআর ঘাটতির আশঙ্কা এবং গ্রাহকদের চাহিদা নির্বিঘ্নে পূরণের লক্ষ্যে বিশেষ সহায়তার আবেদন করা হয়েছে। ওই কর্মকর্তা বলেন, কিছুদিন আগেও কেন্দ্রীয় ব্যাংকে ব্যাংকটির চলতি হিসাবে ৭ হাজার ১৫ কোটি টাকার বেশি ছিল। সাম্প্রতিক উত্তোলনের চাপে তা কমে প্রায় ২ হাজার ৬০০ কোটি টাকায় নেমে এসেছে। সম্প্রতি ব্যাংকটির চেয়ারম্যান হিসেবে বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর খুরশীদ আলমকে নিয়োগ দেওয়ার পর একটি পক্ষ 'ইসলামী ব্যাংক গ্রাহক ফোরাম'-এর ব্যানারে আন্দোলন শুরু করে। গত ১ জুন থেকে চলা এ কর্মসূচিতে তার নিয়োগ বাতিলের দাবি জানানো হচ্ছে। আন্দোলনকারীদের অভিযোগ, বাংলাদেশ ব্যাংকে দায়িত্ব পালনকালে খুরশীদ আলম বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির সঙ্গে জড়িত ছিলেন। এছাড়া রাজনৈতিক পটপরিবর্তনের পর বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের বিক্ষোভের মুখে তাকে পদত্যাগ করতে হয়েছিল বলেও দাবি তাদের। ২০১৭ সাল থেকে ব্যাংকটির নিয়ন্ত্রণ ছিল এস আলম গ্রুপের হাতে। ২০২৪ সালের আগস্টে রাজনৈতিক পটপরিবর্তনের পর অন্তর্বর্তী সরকারের সময়ে ব্যাংকটির পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়। সম্প্রতি চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালক (এমডি) পদ থেকেও পরিবর্তন আসে। এ অবস্থায় নতুন করে ব্যাংকটির তারল্য পরিস্থিতি নিয়ে আলোচনা শুরু হয়েছে।

## এক নদীকে অন্য নদী

চন্দ্রদ্বীপ ইউনিয়নের চর রায়সাহেব, চর কচুয়া, চর ব্যারেট; নাজিরপুর তাঁতেরকাঠি ইউনিয়নের চর নিমদী, নিমদী তাঁতেরকাঠি, বড় ডালিমা, চর ধানদি ও কাছিপাড়া ইউনিয়নের কারখানা, কলতা গ্রাম। ইতোমধ্যে এসব গ্রামের বড় অংশ নদীতে বিলীন হয়ে গেছে। ঝুঁকিতে আছে ঘরবাড়ি, জমিসহ শিক্ষাপ্রতিষ্ঠান ও ধর্মীয় প্রতিষ্ঠান। এসব গ্রামের মানুষ দীর্ঘদিন ধরে নদীশাসন ও টেকসই বেড়িবাঁধ নির্মাণের দাবি জানিয়ে আসছিলেন। উপজেলা ভূমি কার্যালয় সূত্র জানায়, পটুয়াখালী জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় গত ২১ মে সরকারি রাজস্ব আদায়ের লক্ষ্যে বুড়াগৌরাঙ্গ নদের বালুমহাল ইজারার জন্য প্রকাশ্য ডাকের সিদ্ধান্ত হয়। এর পরিপ্রেক্ষিতে বাউফল উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সোহাগ মিলুর সই করা চিঠিতে ৪ জুন বলা হয়, দুটি বালুমহাল ইজারায় অংশ নিতে ইচ্ছুক ব্যক্তিদের সশরীরে ১১ জুন বিকেল ৩টায় নিমদী লঞ্চঘাট এলাকায় উপস্থিত থাকতে হবে। এখানে বালুমহাল হিসেবে চিহ্নিত করা হয়েছে বুড়াগৌরাঙ্গ নদের ডুবা বালুমহল ও বগা লঞ্চঘাট থেকে কারখানা লঞ্চঘাট এলাকা। এলাকাবাসী বলেন, প্রশাসনের চিঠিতে বালুমহাল হিসেবে চিহ্নিত ডুবা বালুমহাল পড়েছে নিমদী এলাকায় তেঁতুলিয়া নদীতে। আর বগা লঞ্চঘাট ও কারখানা লঞ্চঘাট পড়েছে পাশের কারখানা নদীতে। অথচ একটি চক্র একে বুড়াগৌরাঙ্গ দেখিয়ে বালু লুটের পাঁয়তারা করছে। সরকারের জাতীয় তথ্য বাতায়ন ওয়েবসাইটেও এলাকাবাসীর বক্তব্যের সত্যতা মিলেছে। এ ওয়েবসাইটে পটুয়াখালী জেলার নদনদীর তালিকায় ২০ নম্বর নদের নাম বুড়াগৌরাঙ্গ। নদনদী সংক্রান্ত রেকর্ড সিএস, এসএ অনুযায়ী এ নদের দৈর্ঘ্য ৪৬ কিলোমিটার। তেঁতুলিয়া নদী থেকে উৎপন্ন বুড়াগৌরাঙ্গের অবস্থান দশমিনা, গলাচিপা ও রাঙাবালী উপজেলায়। এ ঘটনায় ভাঙনকবলিত এলাকার বাসিন্দাদের মধ্যে ক্ষোভ দেখা দিয়েছে। নদীর পশ্চিম তীরের নাজিরপুরের বাসিন্দা মো. ইউনুস চৌধুরী গত শনিবার বলেন, তাঁর ফসলি জমি নদীতে বিলীন হয়েছে। এখন বালুমহাল দেখিয়ে ঘনবসতিপূর্ণ এলাকা থেকে বালু তোলার চেষ্টা হচ্ছে। এভাবে ইজারা দেওয়া হলে তাদের বাড়িঘরও নদীভাঙনের কবলে পড়বে। নদীর পূর্ব তীরের চন্দ্রদ্বীপের বাসিন্দা আবুল রাঢ়ির পরিবার ও আত্মীয়স্বজন কয়েক বছরে ঘরবাড়ি, মসজিদসহ ১৫০ একরের মতো জমি হারিয়েছেন তেঁতুলিয়া নদীতে। তিনি বলেন, ১০ বছর ধরে এলাকার লোকজন ভাঙন রোধে নদীশাসন ও টেকসই বেড়িবাঁধ নির্মাণের দাবি জানিয়ে নানা কর্মসূচি পালন করে আসছিলেন। এরই মধ্যে এসব এলাকায় বালু তোলার জন্য ইজারা দেওয়ার ঘোষণা দুঃখজনক। নাজিরপুরের এক বাসিন্দা নাম প্রকাশ না করার শর্তে বলেন, এই উপজেলায় বুড়াগৌরাঙ্গ নদের অস্তিত্ব নেই। বুড়াগৌরাঙ্গ নাম দিয়ে তেঁতুলিয়া নদীতে বালু তোলার ইজারার প্রক্রিয়া বন্ধ করতে হবে। তা না হলে প্রয়োজনে উপজেলা ঘেরাও কর্মসূচির হুঁশিয়ারি দেন তিনি। কালাইয়া গ্রামের বাসিন্দা আবদুল খালেক এনজিও ও সংবাদকর্মী। তিনি বলেন, বুড়াগৌরাঙ্গ নামে কোনো নদী বাউফলের জলমহালের তালিকায় নেই। বুড়াগৌরাঙ্গ দশমিনা ও গলাচিপা উপজেলায়। এর নাম জেলা বালুমহাল ও জলমহালের তালিকায় আছে। একটি মহল বুড়াগৌরাঙ্গকে বাউফল উপজেলায় দেখিয়ে ভাঙনকবলিত তেঁতুলিয়া নদী থেকে বালু তোলার ষড়যন্ত্র করছে। এটি সর্বনাশা সিদ্ধান্ত। প্রশাসনের উচিত বুড়াগৌরাঙ্গ নামে এলাকায় নদী আছে কিনা, তা তদন্ত করে ব্যবস্থা নেওয়া। এ বিষয়ে নিজের দায় অস্বীকার করেন বাউফল উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সোহাগ মিলু। তিনি বলেন, জেলা বালুমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী তিনি এ নিলাম ডাকের নোটিশ দিয়েছেন। এখানে তাঁর কোনো দায় নেই। ইউএনও সালেহ আহমেদ বলেন, ইজারা দেওয়ার নোটিশ প্রকাশিত হওয়ার পর ভাঙনকবলিত এলাকার মানুষ সামাজিক মাধ্যম ফেসবুকে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছেন। এসব তাঁর নজরে এসেছে। বিষয়টি তিনি জেলা প্রশাসকের সঙ্গে আলোচনা করবেন। তাঁর আশা, শিগগিরই জনকল্যাণমুখী সিদ্ধান্ত নেওয়া হবে। পটুয়াখালী পানি উন্নয়ন বোর্ডের (পাউবো) নির্বাহী প্রকৌশলী রাকিব হোসেন বলেন, নাজিরপুর, তাঁতেরকাঠি, চন্দ্রদ্বীপ ও কাছিপাড়া ইউনিয়নের নদীশাসনের জন্য প্রতিবছর বালুর বস্তা ফেলতে হয়। এতেও ভাঙন রোধ করা যাচ্ছে না। এখন এ নদী থেকে বালু তোলা হলে ভাঙনে গতি দ্বিগুণ হবে বলেও মনে করেন তিনি।

## মা ঘরছাড়া বাবা কবরে, দাদির

একমাত্র আশ্রয়। কিন্তু তিন বছর আগে বিলে শাপলা তুলতে গিয়ে পানিতে ডুবে তার মৃত্যু হলে নেমে আসে আরও ঘোর অন্ধকার। এরপর থেকে দুই শিশুর দায়িত্ব কাঁধে তুলে নেন তাদের বৃদ্ধ দাদি রিজিয়া বেগম। বয়সের ভার আর শারীরিক অসুস্থতা সত্ত্বেও মানুষের দ্বারে দ্বারে গিয়ে কিংবা হাটবাজারে সাহায্য চেয়ে কোনোভাবে নাতিদের মুখে খাবার তুলে দেওয়ার চেষ্টা করে চলেছেন তিনি। তবে দিন যত যাচ্ছে, সেই লড়াইও ততো কঠিন হয়ে উঠছে। এ যেন দুটি জীবনের এক নিঃশব্দ সংগ্রামের গল্প। যে বয়সে শিশুদের বই-খাতা আর খেলাধুলায় মেতে থাকার কথা, সেই বয়সেই তারা লড়ছে বেঁচে থাকার কঠিন বাস্তবতার সঙ্গে। অসহায় কণ্ঠে রিজিয়া বেগমের বলেন, ‘যতদিন বেঁচে আছি, নাতিদের আগলে রাখবো। কিন্তু বয়স হয়েছে, শরীরও আর সায় দেয় না। ওদের ভবিষ্যতের কথা ভাবলে খুব ভয় লাগে। থাকার ঘরটাও ভেঙে পড়েছে। কেউ যদি ঘরটা মেরামত করে দিত, আর শিশু দুটির দায়িত্ব নিত, তাহলে একটু নিশ্চিন্ত হতে পারতাম।’ এরমধ্যে বড়জন মেহেদী বুদ্ধিপ্রতিবন্ধী। তারা দুই ভাই স্থানীয় বিদ্যালয়ের প্রথম শ্রেণিতে পড়লেও চরম দারিদ্র্যের কারণে তাদের পড়াশোনা এখন প্রায় বন্ধ হওয়ার পথে। এছাড়া তাদের প্রতিদিনের খাবারের নিশ্চয়তাও থাকে না। স্থানীয় বাসিন্দারা জানান, দুই ভাই প্রায়ই তাদের বাবার কবরের পাশে গিয়ে চুপচাপ বসে থাকে। কখনো খেলতে খেলতে সেখানে চলে যায়, কখনো দীর্ঘ সময় নীরবে তাকিয়ে থাকে। তাদের সেই নীরবতা যেন এক অপ্রকাশিত প্রত্যাশার গল্প বলে, হয়তো তাদের বাবা আবার ফিরে আসবেন। স্থানীয় বাসিন্দা সাহাবুদ্দিন বলেন, অসহায় বৃদ্ধার পক্ষে এই পরিবারের দায়িত্ব বহন করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। দ্রুত সরকারি বা বেসরকারি সহায়তা না পেলে শিশু দুটির শিক্ষা, পুষ্টি ও নিরাপদ ভবিষ্যৎ মারাত্মক ঝুঁকির মুখে পড়বে। এ ব্যাপারে বাকেরগঞ্জ উপজেলার গারুরিয়া ইউনিয়নের চেয়ারম্যান এস. এম. কাইয়ুম খান বলেন, ইউনিয়ন পরিষদে যখন যে ধরনের সহযোগিতা আসে তাদের দেওয়া হয়। এছাড়া শিশু দুটির দাদি বৃদ্ধ রিজিয়া বেগমকে বিধবা ভাতার ব্যবস্থা করে দেওয়া হয়েছে। পরবর্তীতেও তাদের জন্য সব ধরনের সহযোগিতা করা হবে। এ বিষয়ে বরিশাল জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক সাজ্জাদ পারভেজ বলেন, বিষয়টি অত্যন্ত মর্মস্পর্শী। শিশু দুটির অবস্থার বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে তদন্তের নির্দেশ দেওয়া হয়েছে। প্রয়োজনীয় তথ্য যাচাই করে তাদের জন্য সহায়তা ও পুনর্বাসনের উদ্যোগ গ্রহণ করা হবে।

## ২৫ দিনেও পানি সংকট কাটেনি

কর্মচারীদের নয়টি পরিবারও পানি সংকটে ভুগছে। পর্যাপ্ত পানির অভাবে হাসপাতালজুড়ে তীব্র দুর্গন্ধ ছড়িয়ে পড়েছে। এতে রোগী, চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের জন্য স্বাস্থ্যঝুঁকি তৈরি হয়েছে। হাসপাতাল সূত্রে জানা গেছে, প্রায় ৫৫ বছর আগে প্রতিষ্ঠার সময় স্থাপিত সাবমার্সিবল টিউবওয়েলটি বর্তমানে সম্পূর্ণ অকেজো হয়ে পড়েছে। এ সংকট নিরসনে নতুন একটি গভীর নলকূপ স্থাপনের জন্য স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে ১৪ লাখ টাকার বরাদ্দ অনুমোদন দেওয়া হয়েছিল। হাসপাতাল প্রশাসনের দাবি, স্থানীয় সিভিল সার্জন ও সংসদ সদস্যের উদ্যোগে বরাদ্দ অনুমোদন হলেও তা বাস্তবায়নে জটিলতা দেখা দিয়েছে। সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীকে তার বার্ষিক রক্ষণাবেক্ষণ বাজেট থেকে নলকূপ স্থাপনের নির্দেশ দেওয়া হলেও চলতি অর্থবছরের শেষ দিকে এসে ওই খাতে কোনো অর্থ অবশিষ্ট না থাকায় কাজ শুরু করা সম্ভব হয়নি। সম্প্রতি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কাজের অগ্রগতি জানতে চাইলে অর্থসংকট ও প্রশাসনিক জটিলতার বিষয়টি সামনে আসে। ফলে চলতি অর্থবছরে সমস্যার সমাধান হওয়ার সম্ভাবনা ক্ষীণ বলে মনে করছেন সংশ্লিষ্টরা। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. আবুল খায়ের রাসেল বলেন, “আমরা আশা করেছিলাম পানির সমস্যার দ্রুত সমাধান হবে। কিন্তু আইনি ও আর্থিক জটিলতার কারণে কাজ এগোচ্ছে না। এই পরিস্থিতি দীর্ঘস্থায়ী হলে হাসপাতালের চিকিৎসাসেবা পুরোপুরি স্থবির হয়ে পড়তে পারে।” এদিকে স্থানীয়রা ও রোগীরা ক্ষোভ প্রকাশ করে বলেন, একটি সরকারি হাসপাতালে টানা ২৫ দিন পানি না থাকা অগ্রহণযোগ্য। তারা জরুরি ভিত্তিতে বিকল্প ব্যবস্থা গ্রহণ এবং দ্রুত সুপেয় ও ব্যবহার্য পানির সরবরাহ নিশ্চিত করতে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন। ঝালকাঠি স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী মো. বাহারুল ইসলাম বলেন, পানি সংকট সমাধানে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে বরাদ্দ চেয়ে আবেদন করা হয়েছে। বরাদ্দ পাওয়া গেলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

## সংঘাতের মধ্যেই ৫ পারমাণবিক

এমনটি জানিয়েছেন ইরানের পারমাণবিক শক্তি সংস্থার প্রধান ও দেশটির ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ ইসলামি। ইরানের রাষ্ট্রীয় বার্তা সংস্থা ইরনার বরাতে সোমবার আনাদোলু এজেন্সি জানায়, মোহাম্মদ ইসলামি দেশটির পার্লামেন্টের জ্বালানি ও নির্মাণ কমিশনের সদস্যদের সঙ্গে এক বৈঠকে এসব পরিকল্পনার বিস্তারিত তুলে ধরেন। মোহাম্মদ ইসলামি জানান, ২০২২ সালে প্রকাশিত ইরানের পারমাণবিক শিল্পবিষয়ক বিস্তৃত কৌশলগত নথির ভিত্তিতেই এসব প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। তাঁর ভাষায়, ‘এই নথির ভিত্তিতে দেশের জ্বালানি মিশ্রণে পারমাণবিক বিদ্যুতের অংশ বাড়াতে উপকূলীয় পাঁচটি স্থানে পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ কর্মসূচির অন্তর্ভুক্ত রয়েছে এবং প্রকল্পগুলো নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী এগোচ্ছে।’ মোহাম্মদ ইসলামি বলেন, বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র এরই মধ্যে ৮০ বিলিয়ন কিলোওয়াট-ঘণ্টার বেশি বিদ্যুৎ উৎপাদনের মাইলফলক অতিক্রম করেছে। তাঁর দাবি অনুযায়ী, এই উৎপাদন ইরানকে ১৩১ মিলিয়ন ব্যারেল অপরিশোধিত তেল অথবা ২১ দশমিক ৩ বিলিয়ন ঘনমিটার প্রাকৃতিক গ্যাসের সমপরিমাণ জ্বালানি সাশ্রয় করতে সহায়তা করেছে। ১৯৭৫ সালে জার্মান কয়েকটি কোম্পানি এই বিদ্যুৎকেন্দ্রের নির্মাণকাজ শুরু করে। তবে ১৯৭৯ সালে ইরানের ইসলামি বিপ্লবের পর প্রকল্পটির কাজ বন্ধ হয়ে যায়। পরবর্তী সময়ে ইরান-ইরাক যুদ্ধ চলাকালে এই স্থাপনা বারবার বোমাবর্ষণের শিকার হয়, যা প্রকল্পটির ভবিষ্যৎ আরও অনিশ্চিত করে তোলে। এর বহু বছর পর ১৯৯৫ সালে ইরান এবং রাশিয়ার পারমাণবিক শক্তি মন্ত্রণালয়ের মধ্যে বিদ্যুৎকেন্দ্রটি সম্পূর্ণ করার জন্য একটি গুরুত্বপূর্ণ চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় রাশিয়ার অ্যাটমস্ট্রোএক্সপোর্টকে প্রধান ঠিকাদার হিসেবে নিয়োগ দেওয়া হয়। তবে প্রযুক্তিগত ও আর্থিক জটিলতা, পাশাপাশি পশ্চিমা দেশগুলোর রাজনৈতিক চাপের কারণে প্রকল্পটি দীর্ঘ সময় ধরে একাধিকবার বিলম্বিত হয়। ২০০৭ সালে নির্মাণকাজ আবারও বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকিতে পড়লে একটি নতুন পুনর্নবীকরণ চুক্তি হয়, যেখানে ইরান ভবিষ্যতে নির্মাণকাজ সম্পন্ন হওয়ার পর ক্রমবর্ধমান খরচ ও মুদ্রাস্ফীতির ক্ষতিপূরণ দেওয়ার প্রতিশ্রুতি দেয়। এরপর ২০০৭ সালেই কেন্দ্রটিতে পারমাণবিক জ্বালানি সরবরাহ শুরু হয়। পরে ২০১১ সালের সেপ্টেম্বরে বিদ্যুৎকেন্দ্রটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয় এবং একই মাসে এটি জাতীয় বিদ্যুৎ গ্রিডে বিদ্যুৎ-সরবরাহ শুরু করে। মোহাম্মদ ইসলামি বলেন, বুশেহর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের দ্বিতীয় ও তৃতীয় ইউনিট বর্তমানে নির্মাণাধীন রয়েছে। প্রায় ১০ বিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পকে তিনি দেশের অন্যতম বৃহৎ অবকাঠামো উদ্যোগ হিসেবে উল্লেখ করেন। ইরানের একমাত্র চালু পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র বুশেহর দক্ষিণ উপসাগরীয় উপকূলে অবস্থিত এবং এটি জাতীয় বিদ্যুৎ গ্রিডে সরবরাহ দিয়ে আসছে। অন্যদিকে অঞ্চলে ভূরাজনৈতিক উত্তেজনা নতুন করে বৃদ্ধি পেয়েছে। ফেব্রুয়ারির শেষ দিক থেকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের ইরানবিরোধী বিমান হামলার পর পরিস্থিতি আরও জটিল হয়ে ওঠে। ইরানি গণমাধ্যমের বরাতে বলা হয়েছে, ওই সংঘাত চলাকালে বুশেহর পারমাণবিক কেন্দ্র একাধিকবার লক্ষ্যবস্তুতে পরিণত হলেও কর্তৃপক্ষ জানিয়েছে, এতে কেন্দ্রের কার্যক্রম বা বিদ্যুৎ উৎপাদনে কোনো ধরনের ব্যাঘাত ঘটেনি। সাম্প্রতিক সময়ে পরিস্থিতি আবারও উত্তপ্ত হয়, যখন ইসরায়েল যুদ্ধবিরতি সত্ত্বেও লেবাননের রাজধানী বৈরুতে বিমান হামলা চালায়। এর জবাবে ইরান উত্তর ইসরায়েলের দিকে ক্ষেপণাস্ত্র নিক্ষেপ করে এবং ইসরায়েল ইরানের বিভিন্ন স্থানে একাধিক দফা বিমান হামলা চালায়। এরপর ইরানের সামরিক বাহিনী সোমবার ভোরে জানায়, তারা ইসরায়েলের বিরুদ্ধে হামলা সাময়িকভাবে স্থগিত করছে। তবে একই সঙ্গে সতর্ক করে বলা হয়, লেবাননে ইসরায়েলি হামলা অব্যাহত থাকলে ‘চূর্ণবিচূর্ণ’ করার ভয়াবহতা নিয়ে প্রতিক্রিয়া জানানো হবে। অন্যদিকে ইসরায়েলি গণমাধ্যমগুলো অজ্ঞাত কর্মকর্তাদের উদ্ধৃত করে জানিয়েছে, ইসরায়েল ইরানের ওপর বিমান হামলা বন্ধে সম্মত হয়েছে। তবে একই সঙ্গে তারা দক্ষিণ লেবাননে সামরিক অভিযান অব্যাহত রাখবে।

## ইরানের সঙ্গে চুক্তি ‘খুব কাছাকাছি’

তিনি অন্তত ৩৭ বার একই কথা বলেছেন। প্রতিবেদন অনুযায়ী, ট্রাম্প ৭ এপ্রিল সামাজিক যোগাযোগমাধ্যমে লেখেন, ইরান চুক্তির ক্ষেত্রে ‘খুব এগিয়ে গেছে’ ও সমঝোতা চূড়ান্ত করতে দুই সপ্তাহ লাগবে। তিনি আরও বলেন, দীর্ঘদিনের এই সংকট সমাধানের কাছাকাছি পৌঁছানো ‘একটি সম্মানের বিষয়’। কিন্তু এরপর দুই মাস কেটে গেলেও কোনো চুক্তি হয়নি। তবুও ট্রাম্প বিভিন্ন সময় একই ধরনের বক্তব্য দিয়ে গেছেন- সামাজিক যোগাযোগমাধ্যম, জনসমক্ষে বক্তব্য এবং সাংবাদিকদের সঙ্গে আলাপে। বিশ্লেষণে দেখা যায়, এই ধারাবাহিক মন্তব্য শুরু হয় ২৩ মার্চ থেকে। সে সময় তিনি বলেন, আলোচনায় ‘প্রায় সব বিষয়ে সমঝোতা হয়েছে’। পরদিন তিনি দাবি করেন, ইরান চুক্তি করতে ‘খুবই মরিয়া’। ২৫ মার্চ তিনি বলেন, ইরান ‘খুব করে চায়’ চুক্তি করতে। ২৬ মার্চ তিনি আরও এগিয়ে গিয়ে বলেন, ইরান ‘চুক্তির জন্য অনুরোধ করছে’। এরপর ২৯ মার্চ তিনি বলেন, তিনি ইরানের সঙ্গে একটি চুক্তি দেখতে পাচ্ছেন। এপ্রিলের শুরুতে তার মন্তব্য আরও জোরালো হয়। ৬ এপ্রিল তিনি বলেন, দুই পক্ষ আগে ‘খুব কাছাকাছি’ ছিল। পরদিনই যুদ্ধবিরতির ঘোষণা আসে। ১৫ এপ্রিল তিনি বলেন, পরিস্থিতি ‘প্রায় শেষের দিকে’ এবং ইরান ‘খুব দ্রুত চুক্তি করতে চায়’। ১৬ থেকে ১৭ এপ্রিলের মধ্যে তিনি একাধিকবার বলেন, ইরান ‘সবকিছুতে সম্মত হয়েছে’, ‘এক-দুই দিনের মধ্যে চুক্তি হবে’ ও ‘বড় কোনো পার্থক্য নেই’। ২০ এপ্রিল তিনি দাবি করেন, সবকিছু ‘খুব দ্রুত ঘটবে’। এরপর এপ্রিলের শেষ ও মে মাসেও একই ধরনের মন্তব্য অব্যাহত থাকে। তিনি একাধিকবার বলেন, ইরান ‘খুবই আগ্রহী’ চুক্তির জন্য। ১৮ মে তিনি জানান, মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের অনুরোধে সামরিক পদক্ষেপ কিছুদিনের জন্য স্থগিত রাখা হয়েছে, কারণ ‘চুক্তি প্রায় হয়ে গেছে’। ২৩ মে তিনি বলেন, আলোচনা ‘আরও কাছাকাছি এসেছে’ ও চুক্তির ‘চূড়ান্ত অংশ’ নিয়ে কাজ চলছে। ২৮ মে তিনি আবার বলেন, বিষয়টি ‘খুব ভালো চুক্তির কাছাকাছি’। এরপর মে মাসের শেষ দিক ও জুনেও তিনি একই ধরনের দাবি করে যানড্ডচুক্তি ‘খুব শিগগিরই’ হবে। সর্বশেষ বক্তব্যেও তিনি বলেন, যুক্তরাষ্ট্র ও ইরান ‘খুব কাছাকাছি একটি চুক্তির পথে’ রয়েছে ও আলোচনা চলমান। তবে বাস্তব অগ্রগতি না থাকায় বিশ্লেষকদের মতে, এতবার একই ধরনের দাবি প্রশ্নের মুখে পড়েছে। ইরানও ধারাবাহিকভাবে বলছে, এখনো কোনো চূড়ান্ত সমঝোতা হয়নি।

## আমতলীতে প্রায় দুই হাজার পিস

অভিযানে তাদের আটক করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে আমতলী থানার এসআই কমল চন্দ্র দে ও এএসআই হাবিবুর রহমানের নেতৃত্বে পুলিশের একটি দল খোন্তাকাটা বটতলা এলাকায় অভিযান চালায়। এ সময় সন্দেহভাজন হিসেবে আবদুল্লাহ আল নোমান (জনি গাজী) ও সুজন হাওলাদারকে আটক করে তাদের দেহ তল্লাশি করা হয়। তল্লাশিকালে তাদের কাছ থেকে ১ হাজার ৯ শত পিস ইয়াবা উদ্ধার করা হয়। আটক আবদুল্লাহ আল নোমান (জনি গাজী) স্থানীয় পৌর ছাত্রদলের সদস্য সচিব বলে জানা গেছে। উদ্ধারকৃত ইয়াবার বাজারমূল্য কয়েক লাখ টাকা হতে পারে বলে ধারণা করছে পুলিশ। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু শাহাদাৎ মোহাম্মদ হাসনাইন পারভেজ বলেন, মাদক, ইভটিজিং, চাঁদাবাজি, চুরি ও ডাকাতিসহ বিভিন্ন অপরাধ দমনে পুলিশের বিশেষ অভিযান অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে দুইজনকে ইয়াবাসহ আটক করা হয়েছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। পুলিশ জানিয়েছে, আটক ব্যক্তিদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ শেষে আদালতে পাঠানো হবে।

## মঠবাড়িয়ায় আইনজীবীদের

রহমান ও সাধারণ সম্পাদক অ্যাডভোকেট আব্দুস সালাম সহ ১৮ জন আইনজীবী উপস্থিত ছিলেন। আদালত বর্জন করা আইনজীবীরা এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালত চলার সময় আইনজীবীদের সহিত অশোভন আচরণ, বিচারকের স্বেচ্ছাচারিতা, দিন ধার্য্যকৃত মামলার কোনো কারণ ছাড়াই কোনো আইনানুগ নোটিশ প্রদান না করিয়া কোনো কারণ ছাড়াই মামলা খারিজ করা। অকারণে সিনিয়র আইনজীবীদের চেম্বার থেকে ডেকে নেয়া, আদেশের সইমহরী প্রদানে গড়িমসি করাসহ বেশ কিছু অভিযোগ আনেন উপজেলা বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের বিরুদ্ধে । তবে এ বিষয়ে সকল অভিযোগ অস্বীকার করে উপজেলা নির্বাহী অফিসার ইউএনও আকলিমা আক্তার জানান, আইনজীবীরা বলেছেন, আমার আচরণ অশোভনীয় এটা পুরাটাই হয়রানিমূলক ও মিথ্যা কথা। আইন অনুযায়ী আমাদের এক্সিকিউটিভ ও জুডিশিয়াল কোর্ট কাগজপত্রের যে আইনজীবীর সীল পাব তাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে। সেটা আইনে রয়েছে। সিনিয়র হলে অথবা অন্য কোনো কারণে না এসে জুনিয়রদেরকে পাঠানো হয় কথা বলার জন্য। এগুলো আমি ডিনাই করেছি। সকল প্রতিবেদনে নারাজি দিয়ে থাকেন। এটি তাদের পক্ষেও আসতে পারে বিপক্ষেও আসতে পারে। কিন্তু তারা এখান থেকে সুযোগ নেয়ার জন্য এগুলো করে থাকেন। তিনি আরো জানান, সরকারি নির্দেশনা রয়েছে পিছনের মামলাগুলোকে শুনানি করে সঠিক নিয়ম মেনে নিষ্পত্তি করা। আদেশের সইমহরী আবেদনের মাধ্যমে জেলা থেকে সংগ্রহ করতে হবে। কিন্তু তারা আমার কাছ থেকে নিতে চায় যেটা নিয়মে নাই। এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আরো বলেন, সরকারি খাল খনন করতে গিয়ে দুই একজন আইনজীবীর খালের জায়গা ছেড়ে দিতে হচ্ছে তাই উদ্দেশ্যপ্রণোদিত হয়রানি করার জন্য এসব করে যাচ্ছে।



বরিশাল বাস্তহারা ঐক্য পরিষদের ৫নং ওয়ার্ড বরিশাল সিটি কর্পোরেশনের ৫নং গুচ্ছগ্রামের ইউনিট কমিটি গঠন করা হয় -কীর্তনখোলা

## ভান্ডারিয়ায় ইয়াবাসহ

এসআই (নিরস্ত্র) মো. আতিকুর রহমানের নেতৃত্বে টিমটি ভান্ডারিয়া এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করে। অভিযান চলাকালে গোপন সংবাদের ভিত্তিতে ভিটাবাড়িয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ডের মধ্য মেদিরাবাদ গ্রামের হরিদাসের বসতঘরের সামনে থেকে ৪০৫ পিস ইয়াবাসহ শহিদ সরদারকে হাতেনাতে গ্রেফতার করা হয়। ডিবি পুলিশ জানিয়েছে, গ্রেফতারকৃত ব্যক্তির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। পিরোজপুর জেলা পুলিশ আরও জানায়, জেলাকে মাদকমুক্ত রাখতে ‘জিরো টলারেন্স’ নীতিতে কাজ করা হচ্ছে। মাদকসহ যেকোনো অপরাধমূলক কর্মকাণ্ড দমনে অভিযান অব্যাহত থাকবে এবং অপরাধীদের আইনের আওতায় আনা হবে।

## ঢাকা-বরিশাল মহাসড়কে

পূর্ব দর্শনা গ্রামের মোস্তফা মোল্লার স্ত্রী। ওসি আরও জানান, ঢাকাগামী বরিশাল এক্সপ্রেস নামের একটি যাত্রীবাহি বাসের সাথে বরিশালগামী মাহেন্দ্রার মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই মাহেন্দ্রা যাত্রী ওই নারী নিহত হয়। এ ঘটনায় আহত আরো দুইজনকে উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করা হয়েছে। দুর্ঘটনা কবলিত বাস ও মাহেন্দ্রা জব্দ করা হয়েছে। নিহতের পরিবারের অভিযোগ না থাকায় নিহতের মরদেহ পরিবারের কাছে হস্তান্তরের পাশাপাশি প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহন করা হয়েছে বলেও ওসি উল্লেখ করেন।

## ভাণ্ডারিয়া বাস স্ট্যান্ডে দিন-রাত

প্রশাসক। একই সাথে, সাধারণ মানুষ ও স্থানীয় ব্যবসায়ীরা যাতে যত্রতত্র ময়লা-আবর্জনা না ফেলেন, সে বিষয়ে কঠোর নির্দেশনা ও সচেতনতামূলক পরামর্শ দেওয়া হয়। ভাণ্ডারিয়া বাস স্ট্যান্ডকে সম্পূর্ণ যানজটমুক্ত, পরিচ্ছন্ন এবং সাধারণ মানুষের চলাচলের উপযোগী করতে এ সময় দীর্ঘমেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়। দিনের অভিযানের পর গভীর রাতেও ভাণ্ডারিয়া বাস স্ট্যান্ড সংলগ্ন এলাকায় ইউএনও হাসিবুল হাসানের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। জননিরাপত্তা বিঘ্নিত করায় ও আইন অমান্য করায় এ সময় বেশ কয়েকজন ব্যবসায়ীকে আইনের আওতায় আনা হয়। যথাযথ গ্যাস ও বিস্ফোরক লাইসেন্স না থাকায় এবং অত্যন্ত ঝুঁকিপূর্ণভাবে সিলিন্ডার মজুত রাখায় একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানকে ১৫০০০ হাজার জরিমানা করা হয়। রাস্তায় মাছের নোংরা পানি ফেলে পরিবেশ নষ্ট করা এবং মাছে নিষিদ্ধ কৃত্রিম রং মেশানোর দায়ে দুই মাছ ব্যবসায়ীকে হাতেনাতে ধরে ৬০০০ হাজার টাকা আর্থিক জরিমানা করে ভ্রাম্যমাণ আদালত। প্রশাসনের এই জোড়া অভিযানে উচ্ছ্বাস প্রকাশ করেছেন ভাণ্ডারিয়ার সাধারণ মানুষ ও পথচারীরা। স্থানীয় বাসিন্দারা জানান, এই অভিযানের ফলে দীর্ঘদিনের তীব্র যানজট, অস্বস্তিকর পরিবেশ ও জননিরাপত্তার ঝুঁকি থেকে ভাণ্ডারিয়াবাসী মুক্তি পাবে। একটি আধুনিক ও আদর্শ পৌরসভা গঠনে প্রশাসনের এই কঠোর ও জনকল্যাণমুখী অবস্থান সত্যিই প্রশংসার দাবিদার। উপজেলা প্রশাসন ও পৌর কর্তৃপক্ষ জানিয়েছে, জনস্বার্থে এবং ভাণ্ডারিয়া শহরকে সুন্দর রাখতে আগামীতেও এই ধরণের কঠোর অভিযান অব্যাহত থাকবে।

## গলাচিপায় শিশু ও কিশোরীর

এখন পর্যন্ত মৃত্যুর সঠিক কারণ উদঘাটন করা সম্ভব হয়নি। স্থানীয়রা জানায়, সোমবার সন্ধ্যায় মাঈনুল গলাচিপা উপজেলা সদরের উদ্দেশ্যে কলাগাছিয়া ইউনিয়নের নিজ বাড়ি থেকে বের হয়। মঙ্গলবার সকালে চৌরাস্তার কালভার্টের সামনে ডোবায় তার মরদেহ দেখা যায়। এদিকে, গলাচিপা পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের শান্তিবাগ এলাকায় দুপুর ১১টার দিকে লামিয়া আক্তার সুমাইয়া (২০) নামের কিশোরীর ঝুলন্ত লাশ উদ্ধার করে গলাচিপা থানা পুলিশ। লামিয়া গলাচিপা পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের কলাবাগান এলাকার আলমগীর শিকদারের মেয়ে। লামিয়ার বান্ধবী সানজিদা জানায়, লামিয়া কথা নামের কিশোরীর সঙ্গে বিভিন্ন জায়গায় নৃত্য করত। কথা ভোলা থেকে ফোন দিয়ে সাজিদাকে জানায়- লামিয়া নাকি গলায় দড়ি দিবে তুই একটু বাসার দিকে যা। এরপর সানিজদা বাসায় আসার পর ঘরের টিনের ফাঁক দিয়ে দেখে লামিয়া দাঁড়িয়ে আছে, চেয়ার নিচে পড়ে আছে। পরে তার ডাক চিৎকারে লোকজন ছুটে আসে। সানজিদা জানান, লামিয়া ৫-৬ দিন আগে গলাচিপায় আসে। এরপর থেকে সে ভাড়া বাসায় কথার সঙ্গেই থাকত। স্থানীয় বাসিন্দা শাহিদা জানান, লামিয়া ঢাকাতে থাকে। সেখানে ড্যান্স (নৃত্য) করে বলে শুনেছি। গত ৫-৬ দিন আগে গলাচিপায় আসে। সকালে তার গলায় ফাঁস দেওয়ার খবর শুনে আসি। এর বেশি কিছু আমরা জানি না। গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. ইমতিয়াজ আহমেদ বলেন, শিশু মাঈনুল ও কিশোরী লামিয়ার মরদেহ উদ্ধার করে সুরতহাল রিপোর্ট শেষে ময়নাতদন্তের জন্য পটুয়াখালী জেলা সদর হাসপাতালে পাঠানো হয়েছে। তাদের মৃত্যুর কারণ উদঘাটন করা সম্ভব হয়নি। এসব বিষয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে।

## চাঁদাবাজি মামলায় ইউপি

আদেশ দেন। এই ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক আলোচনা-সমালোচনার সৃষ্টি হয়েছে। জনপ্রতিনিধির বিরুদ্ধে এমন গুরুতর অভিযোগ ওঠায় স্থানীয় রাজনৈতিক ও সামাজিক অঙ্গনেও বিষয়টি নিয়ে নানা প্রতিক্রিয়া দেখা দিচ্ছে। ?এদিকে, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পক্ষ থেকে জানানো হয়েছে, মামলাটি বর্তমানে বিচারাধীন। মামলার তদন্ত ও বিচারিক কার্যক্রম চলমান রয়েছে এবং আইনের নির্ধারিত প্রক্রিয়া অনুযায়ীই পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। ?আইনি প্রক্রিয়া অনুযায়ী, অভিযোগ প্রমাণিত না হওয়া পর্যন্ত অভিযুক্তদের নির্দোষ হিসেবে গণ্য করার বিধান রয়েছে। আদালতের চূড়ান্ত রায় না আসা পর্যন্ত সংশ্লিষ্ট ব্যক্তিদের আইনগতভাবে অভিযুক্ত হিসেবেই দেখা হবে।

## কাউখালীতে দেশীয়

কর্মকর্তা মোঃ আসাদুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মাছের পোনা অবমুক্ত করেন। এ সময় উপস্থিত উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ হাফিজুর রহমান, বিআরডিবি কর্মকর্তা মাসুম বিল্লাহ, আইসিটি অফিসার মেহেদী হাসান, উপজেলা শ্রমিক দলের সভাপতি আবু তাহের বেপারী, স্বেচ্ছাসেবক দলের আহবায়ক জাহিদুর রহমান ফিরোজ, ইউপি সদস্য আকবর হোসেন দুলাল প্রমুখ।

## বানারীপাড়ায় অবসরপ্রাপ্ত ব্যাংক

বাড়ির অন্য সদস্যরা দরজা খুলে দেন। এরপর বাড়ির বাহিরে রান্নাঘরের পাশে বিভিন্ন কাগজপত্র ছড়িয়ে-ছিটিয়ে থাকতে দেখা যায়। সেখানে আব্দুস সালেক মিয়া ও তার স্ত্রীর পাসপোর্ট পড়ে থাকতে দেখে পরিবারের সদস্যরা নিশ্চিত হন এসব কাগজপত্র ঘর থেকে বাহিরে আনা হয়েছে। পরে ছোট ছেলের কক্ষে থাকা স্টিলের আলমারি ভাঙা অবস্থায় এবং বিভিন্ন জিনিসপত্র এলোমেলোভাবে ছড়িয়ে থাকতে দেখে তারা ডাকাতির বিষয়টি নিশ্চিত হয়েছেন। আব্দুস সালেক মিয়ার বড় ছেলে মাহমুদুল হাসান শোভন বলেন, ডাকাতরা ছাদের দরজা দিয়ে ঘরে প্রবেশ করেছে। ছাদের দরজার পাশে একটি বড় আকারের শাবল পাওয়া গেছে। এছাড়া ঘরের ভেতরে কেমিক্যালের গন্ধ পাওয়া যাচ্ছিল। তিনি আরও বলেন, আমাদের ধারণা ডাকাতরা ক্লোরোফর্ম বা অজ্ঞান করার কোনো রাসায়নিক ব্যবহার করেছে। তা না হলে ছোট ভাইয়ের বিছানার একেবারে পাশেই স্টিলের আলমারি ভাঙা হলেও কেউ কিছু টের পায়নি। বানারীপাড়া থানার ওসি মো. মজিবুর রহমান বলেন, খবর পেয়ে মঙ্গলবার (৯ জুন) সকালে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। পুরো বিষয়টি তদন্ত করে দেখা হচ্ছে।

## নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে

যাত্রীদের উদ্ধার করে তাৎক্ষণিকভাবে ভোলা সদর হাসপাতালসহ নিকটবর্তী বিভিন্ন স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার জন্য পাঠানো হয়েছে। হাসপাতাল সূত্র জানিয়েছে, আহতদের মধ্যে বেশ কয়েকজনের অবস্থা অত্যন্ত আশঙ্কাজনক হওয়ায় নিবিড় পর্যবেক্ষণে রেখে তাদের চিকিৎসা দেওয়া হচ্ছে। স্থানীয় পুলিশ প্রশাসন ঘটনাস্থল পরিদর্শন করে দুর্ঘটনাকবলিত বাসটি উদ্ধার করার প্রক্রিয়া শুরু করেছে এবং বাসের চালক ও হেলপার পলাতক রয়েছে বলে জানিয়েছে। এই দুর্ঘটনার কারণে ইলিশা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়কে কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হলেও পরবর্তীতে পরিস্থিতি স্বাভাবিক হয়। চালকের অসতর্কতা এবং বেপরোয়া গতিই এই দুর্ঘটনার মূল কারণ বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ।

## উত্তাল বঙ্গোপসাগর সমুদ্রবন্দরে

কাছাকাছি থেকে সতর্কতার সঙ্গে চলাচল করার নির্দেশনা দেওয়া হয়েছে, যাতে সম্ভাব্য দুর্ঘটনা এড়ানো যায়। আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ পূর্বাভাস অনুযায়ী, দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু ইতোমধ্যে বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগ পর্যন্ত অগ্রসর হয়েছে। আগামী ৩ থেকে ৪ দিনের মধ্যে এটি দেশের অন্যান্য অঞ্চলেও বিস্তার লাভ করতে পারে। এর প্রভাবে দেশের বিভিন্ন বিভাগের অধিকাংশ এলাকায় অস্থায়ী দমকা বা ঝড়ো হাওয়ার সঙ্গে বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হতে পারে। পাশাপাশি দেশের কোথাও কোথাও মাঝারি থেকে ভারী বর্ষণের সম্ভাবনাও রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়াবিদরা বলছেন, মৌসুমি বায়ুর বিস্তার বাড়ার সঙ্গে সঙ্গে দেশের বিভিন্ন অঞ্চলে বৃষ্টিপাতের পরিমাণও বৃদ্ধি পেতে পারে। তাই বিশেষ করে উপকূলীয় এলাকার বাসিন্দা, জেলে ও নৌযান চালকদের সতর্ক থাকার পরামর্শ দেওয়া হয়েছে।

## ইউএনওকে ফুলেল শুভেচ্ছা

যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিষয়টি নিয়ে জনমনে নানা প্রশ্নের জন্ম দেয়। স্থানীয় সূত্রে জানা গেছে, শুভেচ্ছা জানাতে যাওয়া প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন যুবদলের বহিষ্কৃত নেতা সালাউদ্দিন রিপন শরীফ, যিনি বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ওপর হামলার ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি এবং একটি অস্ত্র মামলারও ওয়ারেন্টভুক্ত আসামি হিসেবে পরিচিত। জানা গেছে, দায়িত্ব গ্রহণের পর থেকেই ইউএনও আবদুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরী তার কার্যালয়ে দর্শনার্থীদের প্রবেশে কঠোর নিয়ন্ত্রণ আরোপ করেন। কার্যালয়ের প্রবেশপথে নিরাপত্তাকর্মী নিয়োজিত রাখা হয়েছে এবং অনুমতি সাপেক্ষে সাক্ষাতের ব্যবস্থা চালু রয়েছে। এমন পরিস্থিতিতে একাধিক মামলার আসামি হিসেবে পরিচিত একজন ব্যক্তির ইউএনও কার্যালয়ে প্রবেশ করে শুভেচ্ছা বিনিময়ে অংশ নেওয়ার ঘটনা নিয়ে নানা মহলে প্রশ্ন উঠেছে। সামাজিক যোগাযোগমাধ্যমেও বিষয়টি নিয়ে চলছে সমালোচনা। পটুয়াখালীর জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট মজিবুর রহমান টোটোন বলেন, বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ওপর হামলার ঘটনায় দায়ের করা মামলার প্রধান আসামি ও বহিষ্কৃত যুবদল নেতা সালাউদ্দিন রিপন শরীফ আদালতে হাজির হননি। তার বিরুদ্ধে মামলার কার্যক্রম চলমান রয়েছে। দুমকি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম উদ্দিন বলেন, আমরা তাকে মাঝেমধ্যে খুঁজি। তিনি বিশ্ববিদ্যালয়ের মারামারির ঘটনায় দায়ের করা মামলার ওয়ারেন্টভুক্ত আসামি। এছাড়া একটি অস্ত্র মামলারও ওয়ারেন্ট তার নামে রয়েছে। কীভাবে তিনি ইউএনও অফিসে গেলেন, সেটি আমার জানা নেই। কিছুক্ষণ আগে আপনাদের মাধ্যমে বিষয়টি জানতে পেরেছি। অভিযোগের বিষয়ে বক্তব্য জানতে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইএনও) আবদুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরীর মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।

# আমতলীতে ডাকাতি, ১৯ ভরি স্বর্ণালংকার ও নগদ টাকা লুট

**আমতলী প্রতিনিধি**

বরগুনার আমতলী উপজেলার গুলিশাখালী ইউনিয়নের কালিবাড়ী গ্রামে এক অবসরপ্রাপ্ত স্বাস্থ্যকর্মীর বাড়িতে দুর্ধর্ষ ডাকাতির ঘটনা ঘটেছে। ডাকাতরা বাড়ি থেকে ১৯ ভরি স্বর্ণালংকার ও নগদ ৪০ হাজার টাকা লুট করে নিয়ে গেছে বলে অভিযোগ পাওয়া গেছে। সোমবার (৮ জুন) ভীর রাতে এ ঘটনা ঘটে। খবর পেয়ে মঙ্গলবার সকালে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। জানা গেছে, উপজেলার কালিবাড়ী গ্রামের অবসরপ্রাপ্ত উপ-কমিউনিটি মেডিকেল অফিসার ডা. আব্দুল মতি মিয়ার বাড়িতে গভীর রাতে ৮ থেকে ১০ জনের একটি ডাকাতদল হানা দেয়। তারা ঘরের জানালার গ্রিল ভেঙে ভেতরে প্রবেশ করে এবং ঘরে থাকা ডা. মতি মিয়ার ছোট ভাই আব্দুস সালামকে বেঁধে ফেলে। এরপর ডাকাতরা ঘরের আলমারি ভেঙে ভেতরে থাকা মালামাল তছনছ করে। একপর্যায়ে আলমারিতে রাখা ১৯ ভরি স্বর্ণালংকার ও নগদ ৪০ হাজার টাকা লুট করে নিয়ে যায়। বাড়ির মালিক ডা. আব্দুল মতি মিয়া বলেন, গভীর রাতে ৮-১০ জনের একটি ডাকাতদল জানালার গ্রিল ভেঙে ঘরে প্রবেশ করে। তারা আলমারিতে থাকা ১৯ ভরি স্বর্ণালংকার ও নগদ ৪০ হাজার টাকা নিয়ে গেছে। এ ঘটনায় থানায় মামলা করা হবে। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু সাহাদাৎ মো. হাচনাইন পারভেজ বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

## অনিয়মের নির্বাচন করলে

সিদ্ধান্তর বিষয়ে রয়েছে। সরকার যদি দুর্নীতি রুখতে না পারে তাহলে তেলের দামও কমাতে পারবে না। এতে দেশের মানুষ স্বস্তিতে থাকবেনা বরং ধ্বংসের দিকে ধাবিত হবে। জাতীয় পার্টির প্রেসিডিয়াম সদস্য ও বরিশাল মহানগরের আহবায়ক অধ্যাপক মহসিন উল ইসলাম হাবুলের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন বরিশাল বিভাগীয় জাতীয় পার্টির আহবায়ক ইঞ্জিনিয়ার ইকবাল হোসেন তাপস। অনুষ্ঠিত সভায় জাতীয় পার্টির বরিশাল জেলা, মহানগর ও বিভাগের অন্যান্য জেলার নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

দৈনিক
# কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বুধবার ॥ ১০ জুন ২০২৬ ॥ ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩

## ইরানের সঙ্গে চুক্তি 'খুব কাছাকাছি' ৩৭ বার একই কথা বলেছেন ট্রাম্প

**কীর্তনখোলা ডেস্ক**

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প গত দুই মাস ধরে বারবার দাবি করে আসছেন যে ইরানের সঙ্গে একটি চুক্তি 'খুব কাছাকাছি'। তবে বাস্তবে এখনো কোনো চূড়ান্ত সমঝোতা হয়নি। বিশ্লেষণ অনুযায়ী, যুদ্ধবিরতির আগে ও পরে মিলিয়ে ৩ এর পাতায় দেখুন

## সংঘাতের মধ্যেই ৫ পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র স্থাপনের পথে ইরান

**কীর্তনখোলা ডেস্ক**

ইরান উপকূলীয় পাঁচটি স্থানে নতুন পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণের পরিকল্পনা এগিয়ে নিচ্ছে। মূলত দেশটির বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থায় পারমাণবিক শক্তির অংশ বাড়ানোর বৃহত্তর কৌশলের অংশ হিসেবে এই উদ্যোগ নিয়েছে দেশটি। ৩ এর পাতায় দেখুন



## ভাণ্ডারিয়া বাসস্ট্যান্ডে দিন-রাত অভিযান: অবৈধ স্থাপনা উচ্ছেদ

**ভান্ডারিয়া প্রতিনিধি**

একটি পরিছন্ন, সুন্দর ও যানজটমুক্ত আদর্শ পৌরসভা গড়ার লক্ষ্যে পিরোজপুরের ভাণ্ডারিয়া বাস স্ট্যান্ড এলাকায় দিন-রাত ব্যাপী বিশেষ অভিযান পরিচালিত হয়েছে। ভাণ্ডারিয়া উপজেলার অত্যন্ত কর্মঠ ও জনবান্ধব উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) এবং পৌর প্রশাসক হাসিবুল হাসান-এর সরাসরি নেতৃত্বে এই সফল ও চিরুনি অভিযান সম্পন্ন হয়। তীব্র রোদ ও গরম উপেক্ষা করে পৌর প্রশাসক নিজে মাঠে উপস্থিত থেকে পুরো কার্যক্রমের তদারকি করেন। প্রশাসনের এমন সাহসী ও জনকল্যাণমুখী পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছেন স্থানীয় সাধারণ জনগণ। দুই দিনব্যাপী পরিচালিত এই বিশেষ অভিযানে ভাণ্ডারিয়া বাস স্ট্যান্ড এলাকার ফুটপাত ও সরকারি জায়গা দখল করে থাকা সমস্ত অবৈধ স্থাপনা উচ্ছেদ করা হয়। এ সময় পথচারীদের নির্বিঘ্নে চলাচলের স্বার্থে বাস স্ট্যান্ডের 'কালিমা চত্বর' সুরক্ষায় প্রয়োজনীয় ও কার্যকরী ব্যবস্থা গ্রহণ করেন পৌর ৩ এর পাতায় দেখুন

## প্রায় এক মাসেও পানি সংকট কাটেনি রাজাপুর স্বাস্থ্য কমপ্লেক্সে

**রাজাপুর প্রতিনিধি**

ঝালকাঠির রাজাপুর উপজেলা ৫০ শয্যাবিশিষ্ট স্বাস্থ্য কমপ্লেক্সে টানা প্রায় এক মাস ধরে পানি সরবরাহ বন্ধ রয়েছে। গত ১১ মে থেকে শুরু হওয়া এই সংকটের কারণে হাসপাতালের স্বাভাবিক চিকিৎসাসেবা মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। দ্রুত সমাধান না হলে হাসপাতালের সেবা কার্যক্রম সম্পূর্ণ স্থবির হয়ে পড়ার আশঙ্কা করছেন সংশ্লিষ্টরা। বর্তমানে হাসপাতাল কর্তৃপক্ষ পুকুর থেকে মোটরের মাধ্যমে পানি তুলে কোনো রকমে টয়লেটের চাহিদা পূরণ করছে। তবে এতে চরম দুর্ভোগে পড়েছেন হাসপাতালে ভর্তি থাকা ৮২ জন রোগী, তাদের স্বজন এবং প্রতিদিন বহির্বিভাগে চিকিৎসা নিতে আসা শত শত মানুষ। একই সঙ্গে হাসপাতাল চত্বরে থাকা চিকিৎসক, নার্স ও ৩ এর পাতায় দেখুন

## এক নদীকে অন্য নদী দেখিয়ে ইজারার ডাক!

**বাউফল প্রতিনিধি**



পটুয়াখালীর বাউফল উপজেলার তেঁতুলিয়া নদীর ভাঙনে ছোট হয়ে আসছে তিনটি ইউনিয়নের মানচিত্র। এরই মধ্যে উপজেলা প্রশাসন বুড়াগৌরাঙ্গ নদের বালুমহাল ইজারার জন্য নিলাম ডেকেছে। এলাকাবাসীর ভাষ্য, বাউফলে বুড়াগৌরাঙ্গ নামে কোনো নদের অস্তিত্ব নেই। এটি রাঙ্গাবালী, দশমিনা ও গলাচিপা উপজেলা দিয়ে প্রবাহিত। একটি মহল সেই নদীকে বাউফলে দেখিয়ে মূলত তেঁতুলিয়া নদীর ভাঙনকবলিত এলাকা থেকে বালু লুটের পাঁয়তারা করছে। সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, তেঁতুলিয়া নদীর অব্যাহত ভাঙনের মুখে পড়েছে বাউফলের চন্দ্রদ্বীপ ইউনিয়ন, নাজিরপুর, তাঁতেরকাঠি ও কাছিপাড়া ইউনিয়নের কয়েকটি গ্রাম। বেশি ভাঙনের মুখে আছে ৩ এর পাতায় দেখুন



## মা ঘরছাড়া বাবা কবরে, দাদির ভিক্ষাই সম্বল দুই ভাইয়ের

**বাকেরগঞ্জ প্রতিনিধি**

বরিশালের বাকেরগঞ্জ উপজেলার গারুরিয়া ইউনিয়নের হিরাধর গ্রামের দুই শিশু দ্বীন ইসলাম মেহেদী (১০) ও মাইনুল ইসলাম (৮)। ঘরের সামনে একটি কবরের পাশে খেলেই কাটছে তাদের সময়। পাশেই ভাঙাচোরা ঘরের চুলায় ভাত-ডাল রান্না করছেন ষাটোর্ধ্ব এক বৃদ্ধ রিজিয়া বেগম। কথা বলে জানা যায়, বৃদ্ধ রিজিয়া বেগম শিশু দুটির দাদি। আর যেই কবরের পাশে শিশু দুটি খেলা করছে সেটা তাদের বাবার কবর। ঘরে দেখা মেলেনি তাদের মায়ের। রিজিয়া বেগম বলেন, পাঁচ বছর আগে সংসার ছেড়ে অন্যত্র চলে যান তাদের মা আসমা বেগম। অবুঝ দুই সন্তানকে রেখে যাওয়ার পর আর কখনো তাদের খোঁজ নেননি তিনি। মায়ের অনুপস্থিতিতে প্রতিবন্ধী বাবা নাসির হাওলাদারই ছিলেন শিশু দুটির ৩ এর পাতায় দেখুন




## আমতলীতে প্রায় দুই হাজার পিস ইয়াবাসহ ছাত্রদল নেতা আটক

**আমতলী প্রতিনিধি**

বরগুনার আমতলী পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের খোন্তাকাটা এলাকা থেকে ১ হাজার ৯ শত পিস ইয়াবাসহ সাবেক পৌর ছাত্রদলের সদস্য সচিব আবদুল্লাহ আল নোমান ওরফে জনি গাজী এবং সুজন হাওলাদার নামে দুই ব্যক্তিকে আটক করেছে পুলিশ। মঙ্গলবার (০৯ জুন) বিকেল ৫টার দিকে আমতলী থানা পুলিশের বিশেষ ৩ এর পাতায় দেখুন

## ভান্ডারিয়ায় ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

**ভান্ডারিয়া প্রতিনিধি**

পিরোজপুরের ভান্ডারিয়া উপজেলায় জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) অভিযানে ৪০৫ পিস ইয়াবাসহ মুহাম্মদ মওদুদ ওরফে শহিদ সরদার (৪১) নামে এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করা হয়েছে। উপজেলার মধ্য মেদিরাবাদ এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। গ্রেফতারকৃত শহিদ সরদার ওই এলাকার মৃত মনসুর আলীর ছেলে। ডিবি পুলিশ সূত্রে জানা যায়, পিরোজপুরের পুলিশ সুপার মোহাম্মদ মনজুর আহমেদ সিদ্দিকীর দিকনির্দেশনায় এবং অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মো. জিয়াউর রহমানের তদারকিতে অভিযানটি পরিচালিত হয়। জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ মো. মাহবুবের তত্ত্বাবধানে একটি বিশেষ দল গঠন করা হয়।

৩ এর পাতায় দেখুন

## ঢাকা-বরিশাল মহাসড়কে বাস-মাহেন্দ্রার সংঘর্ষে নারী নিহত

**গৌরনদী প্রতিনিধি**

ঢাকা-বরিশাল মহাসড়কের গৌরনদীতে যাত্রীবাহি বাস ও মাহেন্দ্রার মুখোমুখি সংঘর্ষে মাহেন্দ্রা যাত্রী মমতাজ বেগম (৪৮) নিহত হয়েছেন। এ ঘটনায় আরো দুইজন আহত হয়েছেন। আহতদের উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনাটি ঘটেছে সোমবার দিবাগত রাত ১২টার দিকে মহাসড়কের বাটাজোড় এলাকার কবি বাড়ির সামনে। মঙ্গলবার (৯ জুন) দুপুরে তথ্যের সত্যতা নিশ্চিত করে গৌরনদী হাইওয়ে থানার ওসি মো. মহসীন জানিয়েছেন, নিহত মমতাজ বেগম কালকিনি উপজেলার ৩ এর পাতায় দেখুন

## ভোলায় পানিতে ডুবে শিশুর মৃত্যু

**ভোলা প্রতিনিধি**

ভোলায় খেলতে গিয়ে পুকুরের পানিতে ডুবে রোমান নামের দুই বছরের এক শিশুর মৃত্যু হয়েছে। মঙ্গলবার (০৯ জুন) দুপুরে উপজেলার রাজাপুর ইউনিয়নের কন্দকপুর গ্রামে এ ঘটনা ঘটে। শিশু রোমান ওই গ্রামের নুর ইসলাম কবিরাজের ছেলে। শিশুটির চাচা খোরশেদ কবিরাজ বলেন, সকালে বাড়ির আঙ্গিনায় খেলা করছিলো শিশু রোমান। এরপর তার মা তাকে দেখতে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করলে দুপুরের দিকে বাড়ির পাশের একটি ডোবায় দেখতে পান। পরে স্থানীয়দের সহযোগিতায় তাকে দ্রুত উদ্ধার করে ভোলা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। ভোলা সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।



## নিয়ন্ত্রণ হারিয়ে গভীর খাদে যাত্রীবাহী বাস, আহত ৫০

**চরফ্যাশন প্রতিনিধি**

ভোলার ইলিশা-চরফ্যাশন আঞ্চলিক মহাসড়কে নিয়ন্ত্রণ হারিয়ে একটি যাত্রীবাহী বাস রাস্তার পাশে গভীর খাদে পড়ে যাওয়ার এক ভয়াবহ সড়ক দুর্ঘটনা ঘটেছে। গতকাল সকালে ঘটে যাওয়া এই মর্মান্তিক ও আকস্মিক দুর্ঘটনায় নারী ও শিশুসহ বাসের অন্তত ৫০ জন যাত্রী গুরুতর আহত হয়েছেন বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা গেছে, চরফ্যাশন থেকে ছেড়ে আসা বেপরোয়া গতির যাত্রীবাহী বাসটি ইলিশা মহাসড়কের একটি নির্দিষ্ট মোড় ঘোরার সময় চালক আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন। এর ফলে বাসটি সড়ক থেকে ছিটকে পাশের একটি নিচু ডোবা বা খাদে উল্টে পড়ে যায়। দুর্ঘটনার পরপরই স্থানীয় বাসিন্দারা দ্রুত ঘটনাস্থলে ছুটে এসে উদ্ধার কাজ শুরু করেন এবং পরবর্তীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এবং পুলিশ প্রশাসনকে খবর দেওয়া হয়। আহত ৩ এর পাতায় দেখুন

## ইউএনওকে ফুলেল শুভেচ্ছা জানালো ওয়ারেন্টভুক্ত আসামি

**দুমকি প্রতিনিধি**

পটুয়াখালীর দুমকি উপজেলার নবাগত উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবদুল্লাহ খায়রুল ইসলাম চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানিয়েছেন উপজেলা বিএনপির একাংশের নেতাকর্মীরা। এসময় তাদের সঙ্গে ওয়ারেন্টভুক্ত আসামির উপস্থিতি লক্ষ্য করা গেছে। মঙ্গলবার (৯ জুন) বেলা ১১ টায় ইউএনও কার্যালয়ে অনুষ্ঠিত ওই শুভেচ্ছা বিনিময় কর্মসূচির ছবি সামাজিক ৩ এর পাতায় দেখুন




### বরিশালে জাতীয় পার্টির মহাসচিব
## অনিয়মের নির্বাচন করলে সরকার মুখ থুবড়ে পড়বে

**কীর্তনখোলা রিপোর্ট**

জাতীয় পার্টির মহাসচিব ব্যরিষ্টার শামীম হায়দার পাটোয়ারী বলেছেন, সরকার যদি প্রথম বছরেই অনিয়ম ও দুর্নীতি মূলক নির্বাচন করে তাহলে মুখ থুবড়ে পরবে। স্থানীয় নির্বাচনে কোনধরনের কারচুপির চেষ্টা করা হলে এ সরকার পূর্ণ মেয়াদ পর্যন্ত দেশ চালাতে পারবে না। মঙ্গলবার বিকেলে বরিশালের একটি কনভেনশন হলে জাতীয় পার্টির আয়োজনে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি আরো বলেছেন, সরকার না চাইলে নির্বাচন কমিশন শান্তিপূর্ণ ভোট গ্রহণ করতে পারবেনা। এমন পরিস্থিতি হলে স্থানীয় সরকার নির্বাচনে জাতীয় পার্টি অংশগ্রহণ করবে কিনা সেটি ৩ এর পাতায় দেখুন

## উত্তাল বঙ্গোপসাগর সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

**কীর্তনখোলা ডেস্ক**

মৌসুমি বায়ুর সক্রিয় প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় গভীর সঞ্চারণশীল মেঘমালার সৃষ্টি হয়েছে। এর ফলে পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগর বর্তমানে কিছুটা উত্তাল রয়েছে। উপকূলীয় অঞ্চলের আকাশ ঘন মেঘে আচ্ছন্ন থাকায় বিভিন্ন স্থানে থেমে থেমে গুঁড়ি গুঁড়ি বৃষ্টিপাতও হচ্ছে। আবহাওয়া অধিদপ্তর জানিয়েছে, উপকূলীয় এলাকার ওপর দিয়ে যেকোনো সময় দমকা কিংবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ কারণে পটুয়াখালীর পায়রা সমুদ্রবন্দরসহ দেশের চার সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। এছাড়া উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছধরা নৌকা ও ট্রলারগুলোকে উপকূলের ৩ এর পাতায় দেখুন

## কাউখালীতে দেশীয় মাছের পোনা অবমুক্ত

**কাউখালী প্রতিনিধি**

পিরোজপুরের কাউখালীতে দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় দেশীয় প্রজাতির মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। মঙ্গলবার (৯ জুন) উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ পুকুরসহ বিভিন্ন খালে এ মাছের পোনা অবমুক্ত করা হয়। কাউখালী উপজেলা নির্বাহী ৩ এর পাতায় দেখুন



## বানারীপাড়ায় অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তার বাড়িতে দুর্ধর্ষ ডাকাতি

**বানারীপাড়া প্রতিনিধি**

বরিশালের বানারীপাড়া উপজেলার মাছরং গ্রামে অবসরপ্রাপ্ত ব্যাংক কর্মকর্তা আব্দুস সালেক মিয়ার বাড়িতে দুর্ধর্ষ ডাকাতির ঘটনা ঘটেছে। ডাকাতরা স্টিলের আলমারি ভেঙে তিন ভরি স্বর্ণালংকার, ৪ ভরি রূপার অলংকার, নগদ ১ লাখ ২০ হাজার টাকাসহ মূল্যবান মালামাল লুট করে নিয়ে যায়। আব্দুস সালেক মিয়া জানিয়েছেন, সোমবার (৮ জুন) দিবাগত রাতের খাবার শেষে তিনি তার স্ত্রী শামসুন্নাহার এবং দুই ছেলে ও পুত্রবধু নিজ নিজ কক্ষে ঘুমিয়ে পরেন। ভোরে ঘুম ভাঙলে বড় ছেলের স্ত্রী দেখতে পায় তাঁদের কক্ষের দরজা বাহির থেকে আটকানো। পরে ডাকাডাকির একপর্যায়ে ৩ এর পাতায় দেখুন



## মঠবাড়িয়ায় আইনজীবীদের আদালত বর্জন

**মঠবাড়িয়া প্রতিনিধি**

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের আদালত বর্জন করেছেন আইনজীবীরা। মঙ্গলবার (৯ জুন) দুপুরে এ আদালত বর্জন করেন তারা। পরে আইনজীবী সমিতির সভাকক্ষে অবস্থান নিয়ে প্রেস ব্রিফিং করেন। এ সময় আইনজীবী সমিতির ভারপ্রাপ্ত আহ্বায়ক অ্যাডভোকেট আতাউর ৩ এর পাতায় দেখুন

## গলাচিপায় শিশু ও কিশোরীর মরদেহ উদ্ধার

**গলাচিপা প্রতিনিধি**

গলাচিপায় পৃথক স্থান থেকে শিশু ও কিশোরীর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। এদের মধ্যে শিশু মাঈনুলকে (৮) ডোবা থেকে ও কিশোরী লামিয়া আক্তার সুমাইয়ার মরদেহ ঝুলন্ত অবস্থায় উদ্ধার করা হয়। মরদেহ দুটি ময়নাতদন্তের জন্য পটুয়াখালী সদর হাসপাতালে পাঠানো হয়েছে। এসব ঘটনায় আইনি প্রক্রিয়া চলমান রয়েছে বলে জানিয়েছেন গলাচিপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. ইমতিয়াজ আহমেদ। ওসি জানান, মঙ্গলবার ভোর ৫টার দিকে গলাচিপা উপজেলার কলাগাছিয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া গ্রামের একটি ডোবা থেকে মনির খানের ছেলে মাঈনুলের মরদেহ উদ্ধার করা হয়। তবে ৩ এর পাতায় দেখুন



## চাঁদাবাজি মামলায় ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যানসহ কারাগারে ৭

**কাঁঠালিয়া প্রতিনিধি**

ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার ৫ নং শৌলজালিয়া ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সিরাজুল ইসলাম সিরাজসহ মোট ৭ জনকে চাঁদাবাজির মামলায় আদালতের নির্দেশে কারাগারে পাঠানো হয়েছে। জানা গেছে, দায়ের করা একটি চাঁদাবাজি মামলায় আসামিরা আদালতে আত্মসমর্পণ করে জামিনের আবেদন জানালে বিচারক শুনানি শেষে তাঁদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution. Accessories Selling. Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com